হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
বর্ষ ৩ ঃ সংখ্যা-২৩৭ ঃ মেহেরপুর- বুধবার ১০ সেপ্টেম্বর ২০২৫ ইং ঃ ২৬ ভাদ্র ১৪৩২ বাংলা ঃ ১৬ রবি,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com



ভিন্ন রূপে ধরা দিলেন অ্যাঞ্জেলিনা জোলি -পৃষ্ঠা-৩

## কাতারে হামাস নেতাদের লক্ষ্য করে ইসরায়েলের বিমান হামলা

সূর্যোদয় প্রতিবেদন

কাতারের রাজধানী দোহায় হামাসের শীর্ষ নেতাদের লক্ষ্য করে ইসরায়েলি বিমান হামলা চালানো হয়েছে। মঙ্গলবার এই হামলার সময় দোহার শহরের বিভিন্ন স্থান থেকে ধোঁয়ার ধোঁয়া দেখা যায় এবং বিস্ফোরণের শব্দ শোনা যায়। হামলার পরপরই ইসরায়েলের সামরিক বাহিনী বিষয়টি নিশ্চিত করেছে। তবে কোথায় হামলা চালানো হয়েছে, সে সম্পর্কে বিস্তারিত তথ্য প্রকাশ করা হয়নি। ইসরায়েলের একজন উচ্চপদস্থ কর্মকর্তা জানিয়েছেন, হামলার লক্ষ্য ছিল কাতারে অবস্থানরত হামাসের জ্যেষ্ঠ নেতারা। হামাসের একজন কর্মকর্তা বিবিসিকে বলেন, দোহায় হামাসের মধ্যস্থতাকারী একটি প্রতিনিধিদল বৈঠক করছিল। এ সময় তাদের লক্ষ্য করে ইসরায়েল হামলা চালায়। হামলার ফলে কোনো হতাহতের তথ্য এখনও পাওয়া যায়নি। কাতারের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র মাজেদ আল আনসারি এই হামলার তীব্র নিন্দা জানিয়েছেন। তিনি বলেন,

২-এর পৃষ্ঠা দেখুন



### মেহেরপুর মহিলা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী

# জামায়াতের প্রতারণা থেকে সাবধান থাকার আহ্বান

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে বাংলাদেশ জাতীয়তাবাদী মহিলা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (৯ সেপ্টেম্বর) ড. শহীদ সামসুজ্জোহা নগর উদ্যানে অনুষ্ঠিত এই সমাবেশে মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল ইসলাম জামায়াতে ইসলামের প্রতারণা থেকে সাবধান থাকার আহ্বান জানান। তিনি বলেন, "একটি রাজনৈতিক দল বারবার বিভিন্ন বাড়িতে 'উঠার বৈঠক' আয়োজন করে মহিলাদের শপথ করিয়ে নিচ্ছে। তারা ভোটের নামে

২-এর পৃষ্ঠা দেখুন

# মেহেরপুরে ১২ মামলার আসামী কথিত শিল্পপতি হাবিবুর রহমান গ্রেফতার

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর থানার পুলিশ ১২ মামলার পলাতক আসামী, কথিত শিল্পপতি হাবিবুর রহমানকে গ্রেফতার করেছে। এর মধ্যে পাঁচটি মামলায় তিনি ইতিমধ্যে সাজা ভোগ করেছেন। সোমবার (৮ সেপ্টেম্বর) মেহেরপুর সদর থানার একটি অভিযানের মাধ্যমে পুলিশ তাকে পটুয়াখালী জেলার মহিপুর থানার কুয়াকাটা এলাকা থেকে আটক করে। দীর্ঘদিন ধরে গ্রেফতার এড়িয়ে চলছিলেন তিনি। গ্রেফতারকৃত হাবিবুর রহমান মেহেরপুর সদর থানার পিরোজপুর গ্রামের মৃত আজিমুদ্দিন বিশ্বাসের ছেলে এবং ডায়মন্ড আটো রাইস মিলের স্বত্বাধিকারী। মেহেরপুর জেলা পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী লিখিত এক প্রেস ব্রিফিংয়ে জানান, হাবিবুর রহমানের বিরুদ্ধে দেশের বিভিন্ন থানায় মোট ১২টি মামলা রয়েছে। এর মধ্যে পাঁচটি মামলায় তিনি ইতিমধ্যেই সাজা ভোগ করেছেন। তার বিরুদ্ধে মূলত প্রতারণা, চেক জালিয়াতি ও বিভিন্ন ধরনের আর্থিক অপরাধের অভিযোগ রয়েছে। পুলিশ রেকর্ড অনুযায়ী, হাবিবুর রহমানের বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় ২টি, উত্তরা পশ্চিম থানায় ১টি, মোহাম্মদপুর থানায় ১টি এবং নওগা নিয়ামতপুর থানায় ১টি মামলা রয়েছে। এছাড়া ঝিনাইদহ, ঢাকা ও অন্যান্য স্থানে আরও কয়েকটি মামলা আদালতে বিচারাধীন। তার বিরুদ্ধে ৬ মাস, ৮ মাস ও ১০ মাসের সাজা রয়েছে। মঙ্গলবার আদালতে হাজির করা হলে



হাবিবুর রহমানকে জেলহাজতে প্রেরণের নির্দেশ দেন বিচারক। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, হাবিবুর রহমান গত দুই সংসদ নির্বাচনে আওয়ামী লীগের দলীয় মনোনয়ন পেতে অর্থ খরচ করেছিলেন। এছাড়া গত জেলা পরিষদ নির্বাচনের প্রাক্কালে মেহেরপুরে উপস্থিত হয়ে জেলা পরিষদের

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে পূজা উদযাপন সুষ্ঠু রাখতে পুলিশ-নেতা আলোচনা

নিজস্ব প্রতিবেদক

আসন্ন দুর্গা উৎসব-২০২৫ শান্তিপূর্ণভাবে উদযাপন নিশ্চিত করতে মেহেরপুরে জেলা পুলিশের উদ্যোগে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।গতকাল মঙ্গলবার (৯ সেপ্টেম্বর) সকালে পুলিশ সুপারের সম্মেলন কক্ষে এ সভার আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন জেলা পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী। মেহেরপুর

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে জমি দখলের অভিযোগ: দুইজনের বিরুদ্ধে মামলা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর পৌরসভার গড়পাড়া এলাকায় জমি দখলের অভিযোগ উঠেছে মৃত করিমের ছেলে টুটুল ও মাসুদের বিরুদ্ধে। এ ঘটনায় ভুক্তভোগী রাসেল আহমেদ পৌরসভা ও আদালতে পৃথক অভিযোগ দায়ের করেছেন। জানা গেছে, মেহেরপুর মৌজার ১৯৫৬ খতিয়ানভুক্ত ০.০৭২৫ একর জমি ২০09 সালে ক্রয় করেছিলেন রাসেলের বাবা রাজু কামাল। অভিযোগ, ওই জমির একাংশ দখল করে টুটুল ও মাসুদ বহুতল ভবন নির্মাণ করছেন। ভুক্তভোগী রাসেল আহমেদ বলেন, "ভবন নির্মাণের আগে

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে গণসংযোগ করেছেন তাজ উদ্দিন খান

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা জামায়াতে ইসলামির আমির ও মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য প্রার্থী মাওলানা তাজ উদ্দিন খান গতকাল মঙ্গলবার (৯ সেপ্টম্বর) বিকাল থেকে সন্ধ্যা পর্যন্ত সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের বুড়িপোতা এলাকায় গণসংযোগ করেছেন।

২-এর পৃষ্ঠা দেখুন

## মেয়াদোত্তীর্ণ ওষুধ ও রি-এজেন্ট রাখায় জরিমানা

চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় মেয়াদোত্তীর্ণ ওষুধ ও রি-এজেন্ট রাখার দায়ে একটি ক্লিনিক ও একটি প্যাথলজি থেকে ৭৫ হাজার টাকা জরিমানা আদায় করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর। মঙ্গলবার (৯ সেপ্টেম্বর) দুপুরে ভোক্তা অধিদপ্তরের জেলা কার্যালয়ের অভিযানে এ জরিমানা করা হয়। দণ্ডপ্রাপ্তরা হলেন, চুয়াডাঙ্গা শহরের হাসপাতাল সড়কের সিটি ক্লিনিকের মালিক আজগর আলী এবং ডিজিটাল মডার্ণ ডায়াগনস্টিক সেন্টারের মালিক সহিদুল হক বিশ্বাস। ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে হাইড্রোলিক হর্ন ব্যবহারে মোবাইল কোর্টে জরিমানা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে গতকাল মঙ্গলবার (৯ সেপ্টম্বর)বিকেলে মোবাইল কোর্ট বসিয়ে হাইড্রোলিক হর্ন ব্যবহারের জন্য তিনটি যানবাহনে জরিমানা করা হয়েছে। মোবাইল কোর্টটি আঞ্চলিক পাসপোর্ট অফিসের সামনে পরিচালনা করা হয়। জেলা

২-এর পৃষ্ঠা দেখুন




## মাদার আলী ফুটবল টুর্নামেন্টে সাতক্ষীরা একাদশের জয়

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার যতারপুর গ্রামে স্থানীয়দের উদ্যোগে আয়োজিত মরহুম মাদার আলী বিশ্বাস স্মৃতি ফুটবল টুর্নামেন্ট-এ জয়লাভ করেছে সাতক্ষীরা একাদশ। গতকাল মঙ্গলবার (৯ সেপ্টম্বর)বিকালে যতারপুর মাঠে অনুষ্ঠিত ফাইনাল খেলায় সাতক্ষীরা একাদশ ৩-০ গোলে উজলপুর যুব সংঘকে পরাজিত করে। খেলায় প্রথমার্ধে মিল্টন ও সলেমান কিং এক করে গোল করেন। দ্বিতীয়ার্ধে মিল্টন আরও একটি গোল করেন। বিজয়ী দলের মিল্টন

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনীর সাহারবাটী বাজারে দোকানচুরি

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটী বাজারে রকিব স্টোরে সোমবার রাতে চুরির ঘটনা ঘটেছে। দোকানের তালা ভেঙে নগদ টাকা ও মালামাল চুরি করে চোররা। স্থানীয়রা জানায়, দোকান মালিক রকিব হাসান প্রতিরাতের মতো সোমবার দিবাগত রাতে দোকান বন্ধ করে বাড়িতে যান। পরের দিন সকালে দোকানে এসে তিনি তালা ভাঙা অবস্থায় দেখতে পান। দোকানের ভেতর থেকে নগদ টাকা ও বিভিন্ন মালামাল চুরি হয়ে গেছে। গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বানী ইসরাইল জানান, ঘটনাস্থল সিসিটিভি ক্যামেরায় ধরা পড়েছে। ভিডিও বিশ্লেষণ করে চোর চক্র সনাক্তের চেষ্টা চলছে।



## পিরোজপুর ওয়ার্ড গোল্ড কাপে ২নং ওয়ার্ডের জয়

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নের উদ্যোগে জাদুখালী মাঠে অনুষ্ঠিত ওয়ার্ড গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্টে পিরোজপুর ২নং ওয়ার্ড জয়ী হয়েছে। গতকাল মঙ্গলবার (৯ সেপ্টম্বর)বিকেলে অনুষ্ঠিত খেলায় নয়ন হ্যাটট্রিকের ফলে পিরোজপুর ২নং ওয়ার্ড ৫নং ওয়ার্ডকে ৩-০ গোলে পরাজিত করে। খেলার প্রথমার্ধের ১৩ মিনিটে নয়ন গোল করে দলকে এগিয়ে নেন। দ্বিতীয়ার্ধের ১১ মিনিটে দ্বিতীয় গোল এবং ১৯ মিনিটে তৃতীয় গোল করে নিজের হ্যাটট্রিক সম্পূর্ণ করেন। নয়ন

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনীতে ট্রলি উল্টে ৩০ শ্রমিক আহত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলায় ইঞ্জিনচালিত ট্রলি উল্টে অন্তত ৩০ জন শ্রমিক আহত হয়েছেন। আহতরা ধানখোলা ইউনিয়নের জুগিন্দা ও আজান গ্রামের বাসিন্দা। মঙ্গলবার সকালে মেহেরপুরকুষ্টিয়া সড়কের চোঁখতোলা মাঠের কাছে দুর্ঘটনাটি ঘটে। শ্রমিকরা একটি ট্রলিতে করে ঘর ঢালাইয়ের কাজে যাচ্ছিলেন। চোঁখতোলা এলাকায় পৌছালে ট্রলির এক্সেল ভেঙে যায় এবং নিয়ন্ত্রণ হারিয়ে ট্রলিটি উল্টে যায়। স্থানীয়রা তাদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। বর্তমানে তারা চিকিৎসাধীন রয়েছেন।



## গাংনীতে সাব রেজিস্ট্রি অফিসে পকেটমার ধরা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলা সাব রেজিস্ট্রি অফিসে খোকন নামের এক কৃষকের পকেট মারার সময় হাতেনাতে ধরা পড়েছে হারেজ আলী (৫০) নামের এক ব্যক্তি। গতকাল মঙ্গলবার (৯ সেপ্টম্বর) সকালে এ ঘটে। ভুক্তভোগী খোকন, মোহাম্মদপুর গ্রামের খেদু মন্ডলের ছেলে, জানান, জমি বিক্রির জন্য দলিল রেজিস্ট্রি করতে অফিসে প্রবেশের সময় পিছন থেকে তার ব্যাগে থাকা টাকা বের করার চেষ্টা করে

২-এর পৃষ্ঠা দেখুন

অনুবাক্য
মামুনুর রশিদ মামুন
খবর: (জুলাই সনদ বাস্তবায়নে সাংবিধানিক আদেশ)

জুলাই সনদ বাস্তবায়নে
সংবিধান কি বলে
দু-চারটি দল মানতে পারে
সবাই কি তা মানে।
বিশেষজ্ঞরা বলছে ভালো
গণভোটে আনো
জনগণ যদি চায় সেটা
সংবিধানে তা রাখো।
পি আর পদ্ধতি আর উচ্চকক্ষ
এই দুই পদ্ধতি বাঁধে
বিএনপি হল বড় দল
আপত্তি রাখতেই তারা পারে।
জুলাই সনদ থাকবে না আর
এখন বললে কি হবে
জুলাই অভ্যুত্থানের ২২ ধারায়
নির্বাহী আদেশ স্পষ্ট করাআছে
।



## চুয়াডাঙ্গা সীমান্তে ১২ বাংলাদেশিকে ভারতের হস্তান্তর

চুয়াডাঙ্গা প্রতিনিধি

অবৈধভাবে ভারতে প্রবেশকারী ১২ বাংলাদেশিকে আনুষ্ঠানিকভাবে বিজিবির কাছে হস্তান্তর করেছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)। গতকাল মঙ্গলবার (৯ সেপ্টেম্বর) দুপুর ১২টায় চুয়াডাঙ্গার দর্শনা সীমান্তের মেইন পিলার ৭৬-এর কাছে শূন্যরেখায়

২-এর পৃষ্ঠা দেখুন



## মহিলা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা বিএনপির কার্যালয়ে পতাকা উত্তোলনের মধ্য দিয়ে নারী ক্ষমতায়ন ও গণতন্ত্র পুনরুদ্ধারে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানিয়ে উদযাপন করা হয়েছে বিএনপি মহিলা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাধারণ

২-এর পৃষ্ঠা দেখুন

হৃদয়ে লাল সবুজ
আমাদের সূর্যোদয় এখন
পত্রিকাতেও যেমন, ওয়েবেয়েও তেমন
প্রতিদিনের পত্রিকা অনলাইনে দেখতে ক্লিক করেন
www. amadersurjodoy.com
আমাদের সূর্যোদয়
প্রধানসড়ক, হোটেল বাজার,মেহেরপুর।
মোবাইল :01714938647

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ বুধবার ॥ ২৬ ভাদ্র ১৪৩২ বাংলা ॥ ১০ সেপ্টেম্বর ২০২৫ইং

# সুরক্ষাবিহীন কীটনাশক প্রয়োগে কৃষকদের স্বাস্থ্য ঝুঁকি তীব্র

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের বিভিন্ন উপজেলার কৃষকরা সুরক্ষাসামগ্রী ব্যবহার না করেই জমিতে কীটনাশক প্রয়োগ করছেন। এর ফলে বিষক্রিয়া বা কন্টাক্ট পয়জনিংয়ে আক্রান্ত হওয়ার ঘটনা দিনে দিনে বেড়ে চলেছে। বিশেষজ্ঞরা সতর্ক করে বলছেন, দীর্ঘদিন এমন অভ্যাস অব্যাহত থাকলে কৃষকেরা ফুসফুসে ক্যানসার, অ্যাপ্লাস্টিক অ্যানিমিয়া ও চামড়ার ক্যানসারের মতো গুরুতর রোগে আক্রান্ত হতে পারেন। গাংনী উপজেলার চেংগাড়া গ্রামের ৪২ বছর বয়সী কৃষক ওমর ফারুক নিজে এই ঝুঁকির শিকার হয়েছেন। তিনি তার ধান খেতে কীটনাশক প্রয়োগের সময় মাস্ক, গ্লাভস বা চোখে চশমা ব্যবহার করেননি। কাজ শেষ হওয়ার পর হঠাৎ অসুস্থ বোধ করলে ধান খেতে পানি ঢেলে নিজেকে সুস্থ করার চেষ্টা করেন। কিন্তু কিছু দূর যাওয়ার পর রাস্তায় পড়ে যান এবং জ্ঞান ফিরে পেয়ে দেখেন, নিজেকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বিছানায়। হাসপাতালের নার্স রাফিজা বেগম জানান, “ওমর ফারুক কন্টাক্ট পয়জনিংয়ে আক্রান্ত ছিলেন। প্রাথমিক চিকিৎসা ও স্যালাইন দেওয়ার মাধ্যমে তিনি সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন। এমন রোগী প্রায় প্রতিদিনই হাসপাতালে আসেন।” মেহেরপুর জেনারেল হাসপাতালের জরুরি বিভাগের মেডিকেল অফিসার ডা. মঞ্জুরুল হাসান বলেন, “প্রতিদিনই হাসপাতালে কন্টাক্ট পয়জনিংয়ে আক্রান্ত রোগীর দেখা পাওয়া যায়। তাদের ৮০৯০ শতাংশই কৃষক। জমিতে কীটনাশক প্রয়োগের সঙ্গে সঙ্গে তারা অসুস্থ হয়ে পড়েন। প্রাথমিক চিকিৎসা পেলে সুস্থ হন, তবে সংখ্যা দিন দিন বাড়ছে।” চিকিৎসকরা আরও সতর্ক করেছেন, “দীর্ঘদিন সুরক্ষাসামগ্রী ছাড়া কীটনাশক প্রয়োগ করলে কৃষকদের ফুসফুসে ক্যানসার, অ্যাপ্লাস্টিক অ্যানিমিয়া এবং চামড়ার ক্যানসারের মতো ভয়াবহ রোগ হতে পারে। এই রোগের চিকিৎসা ব্যয়বহুল এবং জটিল। দ্রুত পদক্ষেপ না নিলে সমস্যা আরও বৃদ্ধি পাবে।” সরেজমিনে জেলার বিভিন্ন ফসলের মাঠে গিয়ে দেখা গেছে, প্রায় সকল কৃষকই সুরক্ষাসামগ্রীর ব্যবহার ছাড়া জমিতে কীটনাশক প্রয়োগ করছেন। তারা জানিয়েছেন, “জমিতে বিষ দেওয়ার পর শ্বাসকষ্ট, মাথা ব্যথা ও বমি বমি ভাব হয়। তখন চিকিৎসকের কাছে যাই,” বলেন মেহেরপুর সদর

৩-এর পৃষ্ঠা দেখুন

## জীবন ধারা



## খাওয়ার সাথে সাথে পানি পান করে যে ভুল করছেন

সূর্যোদয় প্রতিবেদন

হাইড্রেটেড থাকা অপরিহার্য হলেও, খাওয়ার সাথে সাথে পানি পানে হতে পারে নানান ধরণের সমস্যা। আমরা সকলেই খাওয়ার আগে এবং খাওয়ার পরে পানি পান করে থাকি। বিশেষ করে খাবার খাওয়ার সাথে সাথে পানি পান করার অভ্যাস অনেকেরই আছে। তবে, খাবার খাওয়ার পরপরই বা কিছু নির্দিষ্ট সময়ে পানি পান করলে স্বাস্থ্যের উপর প্রভাব পড়তে পারে। তাই খাবার খাওয়ার পরপরই পানি পান করলে যেসব সমস্যা হতে পারে তা হলো:- খাবারের পরপরই পানি পান করলে হজমের উপর প্রভাব পড়ে।পানির শীতল প্রভাব থাকায় খাবারের পর ক্রমাগত পানি পান করলে স্থূলতা দেখা দিতে পারে।খাবারের পর অতিরিক্ত পানি পান করলে এনজাইম পাতলা হয়ে যেতে পারে, যার ফলে অ্যাসিডিটি বা বুক জ্বালাপোড়া হতে পারে।খাবার খাওয়ার পর অতিরিক্ত পানি পান করলে চর্বিতে পুষ্টির বা দ্রবণীয় ভিটামিনের শোষণ কমে যেতে পারে। খাবারের পর পরই পানি পান করলে অনেকেই

৩-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুর জেনারেল হাসপাতালে দুই নারী পকেটমার আটক

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেনারেল হাসপাতালের টিকিট লাইনে দাঁড়িয়ে রোগীদের টাকা চুরির অভিযোগে দুই নারী পকেটমারকে জনতা আটক করেছে। মঙ্গলবার সকালে হাসপাতালের বহির্বিভাগ থেকে আটক করা হয় জামালপুর জেলার মনির হোসেনের মেয়ে আরিফা খাতুন ও ইদ্রিস আলীর মেয়ে নপুরকে। পরে তাদের মেহেরপুর থানায় হস্তান্তর করা হয়। রোগীদের অভিযোগ, এই প্রতারক চক্র ১০১২ জনের, তারা টিকিট লাইনে দাঁড়ানো রোগীদের টাকা চুরি করে হাসপাতালের বাইরে পাচার করে। যদিও সাধারণত তাদের কাছ থেকে চুরি হওয়া

৩-এর পৃষ্ঠা দেখুন

## আরাকান আর্মি বেঁচে আছেই মাদক বিক্রি করে: স্বরাষ্ট্র উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

আরাকান আর্মি মাদক বিক্রি করেই বেঁচে আছে বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব) জাহাঙ্গীর আলম চৌধুরী। মঙ্গলবার সচিবালয়ে আইনশৃঙ্খলা সংক্রান্ত উপদেষ্টা কমিটির বৈঠক শেষে এসব কথা বলেন তিনি। উপদেষ্টা বলেন, বর্তমানে দেশে প্রচুর মাদক আসছে। তবে ধরাও পড়ছে বেশি। এখন বিভিন্ন নতুন নতুন ধরনের মাদক আসছে। হোটেলগুলোতে এগুলো চলছে। আমরা এখনো এগুলো পুরোপুরি নিয়ন্ত্রণ করতে পারিনি। এটা নিয়ন্ত্রণ করা না গেলে আমাদের ভবিষ্যৎ প্রজন্ম ধ্বংস হয়ে যাবে। তিনি বলেন, আরাকান আর্মি বেঁচে আছেই মাদক বিক্রি করে। তাদের প্রধান আয়ই মাদক। আরাকান আর্মি মিয়ানমারের বর্ডারটাই দখল করে নিয়েছে।

৩-এর পৃষ্ঠা দেখুন



## কয়লা দূষণ থেকে সুন্দরবন, ইলিশ ও লবণ রক্ষার দাবিতে সমাবেশ

সূর্যোদয় প্রতিবেদন

রাজধানীর শ্যামলী পার্ক মাঠে মঙ্গলবার এক প্রতীকী প্রতিবাদ সমাবেশে পরিবেশবাদী ও সামাজিক সংগঠনের নেতারা কয়লা দূষণ থেকে সুন্দরবন, জাতীয় মাছ ইলিশ ও লবণ রক্ষার আহ্বান জানিয়েছেন। তারা বলেন, ২০৩৫ সালের মধ্যে কিংবা তারও আগে কয়লাভিত্তিক বিদ্যুৎ উৎপাদন বন্ধ করতে হবে। এর অংশ হিসেবে রামপাল, তালতলি, কলাপাড়া, মহেশখালী ও বাঁশখালিতে স্থাপিত বিদ্যুৎকেন্দ্রগুলো বন্ধের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণ জরুরি। ধরিত্রী রক্ষায় আমরা (ধরা), বাংলাদেশ কৃষক ফেডারেশন ও রিভারাইন পিপলসহ ২০টি সংগঠনের যৌথ উদ্যোগে এ সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন ধরা'র সহ-আহ্বায়ক এম এস সিদ্দিকী এবং সঞ্চালনা করেন রিভার বাংলার সম্পাদক ফয়সাল আহমেদ। প্রধান

২-এর পৃষ্ঠা দেখুন

## নির্বাচন নিয়ে এক ধরনের রোমাঞ্চ কাজ করছে

সূর্যোদয় প্রতিবেদন

প্রায় ছয় বছর পর ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচন আজ অনুষ্ঠিত হতে যাচ্ছে। নিয়ম অনুযায়ী প্রতিবছর এই নির্বাচন হওয়ার কথা থাকলেও দীর্ঘদিন তা সম্ভব হয়নি। তবে এবার নির্বাচন ঘিরে শিক্ষার্থীদের মধ্যে বিশেষ আগ্রহ ও রোমাঞ্চ কাজ করছে। গতকাল বিশ্ববিদ্যালয়ের বটতলায় ডাকসু নিয়ে আলোচনায় অংশ নেন অনেকে। তাদের মতে, আগের মতো এবারও জাতীয় রাজনীতির প্রভাব থাকলেও পরিস্থিতি ভিন্ন। বিশেষ করে ভিপি ও জিএস পদে বিপুলসংখ্যক স্বতন্ত্র প্রার্থী দাঁড়ানো নতুন এক প্রবণতার ইঙ্গিত দিচ্ছে। আগে যেখানে গড়ে সাতজন প্রার্থী থাকত, এবার তার চেয়ে অনেক বেশি স্বতন্ত্র প্রার্থী প্রতিদ্বন্দ্বিতায় নামায় বোঝা যাচ্ছেড়ছাত্ররাজনীতির প্রতি অনাগ্রহ থাকলেও

৩-এর পৃষ্ঠা দেখুন



## বিএনপি ক্ষমতায় গেলে অস্ট্রেলিয়ার সহযোগিতা প্রয়োজন হবে: খসরু

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপি যদি নির্বাচনে জিতে ক্ষমতায় আসে, তবে অস্ট্রেলিয়ার সিনেটর ও সংসদ সদস্যদের সহযোগিতা আরও বেশি প্রয়োজন হবে বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী। তিনি বলেন, “আগামী দিনে নির্বাচন যেন সঠিক সময়ে এবং সঠিকভাবে অনুষ্ঠিত হয়, সেটিই সবচেয়ে গুরুত্বপূর্ণ। এজন্য আপনাদের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।” বিএনপির ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে অস্ট্রেলিয়ার সিডনির লাকেম্বা লাইব্রেরি হলে আলোচনা সভা, পুরস্কার বিতরণ, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে ভার্চুয়ালি যুক্ত হয়ে তিনি এসব কথা বলেন। স্থানীয় সময় গত রোববার (৭ সেপ্টেম্বর) অস্ট্রেলিয়া বিএনপি এই আয়োজন করে। আমীর খসরু বলেন, শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের আদর্শে

৩-এর পৃষ্ঠা দেখুন



## শাহবাগে ভিড়, ডাকসু নির্বাচনে সতর্ক অবস্থানে আইনশৃঙ্খলা বাহিনী

সূর্যোদয় প্রতিবেদন

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচনের ভোটগ্রহণ সম্পন্ন হয়েছে উৎসবমুখর পরিবেশে। মঙ্গলবার (৯ সেপ্টেম্বর) সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত অনুষ্ঠিত এ নির্বাচনে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছিল কঠোর নিরাপত্তা ব্যবস্থা। সকালে সাধারণ মানুষের উপস্থিতি কম থাকলেও দুপুরের পর থেকে

৩-এর পৃষ্ঠা দেখুন

## রাজনৈতিক দল নিবন্ধন প্রক্রিয়া চলতি মাসেই শেষ করতে চায় ইসি

সূর্যোদয় প্রতিবেদন

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে নতুন রাজনৈতিক দল নিবন্ধন প্রক্রিয়া চলতি মাসের মধ্যে সম্পন্ন করার উদ্যোগ নিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। কমিশনের লক্ষ্য অনুযায়ী, আগামী ৩০ সেপ্টেম্বরের মধ্যে এই প্রক্রিয়া শেষ করার পরিকল্পনা রয়েছে। ইসি সচিবালয়ের সিনিয়র সচিব আখতার আহমেদ মঙ্গলবার সাংবাদিকদের জানিয়েছেন, নতুন ২২টি রাজনৈতিক দলের মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহের জন্য প্রেরিত কাগজপত্র ইতোমধ্যেই সচিবালয়ে পৌঁছেছে। তিনি

৩-এর পৃষ্ঠা দেখুন



## সাংবাদিকরা গুজব প্রতিরোধে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে: তথ্যসচিব

সূর্যোদয় প্রতিবেদন

তথ্য ও সম্প্রচার সচিব মাহবুবা ফারজানা বলেছেন, জনগণের কাছে সঠিক তথ্য পৌঁছে দেওয়া এবং গুজব-অপতথ্য প্রতিহত করার ক্ষেত্রে সাংবাদিকরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন। মঙ্গলবার

৩-এর পৃষ্ঠা দেখুন

## বিক্ষোভের মুখে পদত্যাগ করলেন নেপালের প্রধানমন্ত্রী

সূর্যোদয় প্রতিবেদন

বিক্ষোভ ও সহিংস দমন-পীড়নের মুখে পদত্যাগ করেছেন নেপালের প্রধানমন্ত্রী কেপি শর্মা অলি। মঙ্গলবার তার সচিবালয়ের এক বিবৃতিতে পদত্যাগের বিষয়টি নিশ্চিত করা হয়। রাজধানী কাঠমান্ডুসহ বিভিন্ন শহরে টানা দুই দিনের বিক্ষোভের পর এ সিদ্ধান্ত এলো। সামাজিকমাধ্যম ব্যবহারে সরকারি নিষেধাজ্ঞা এবং দুর্নীতির প্রতিবাদে সোমবার সকাল থেকে আন্দোলন শুরু হয়। প্রথমে কাঠমান্ডুর বাণেশ্বর এলাকায় ছাত্র-জনতা রাস্তায় নামলেও দ্রুতই আন্দোলন ছড়িয়ে পড়ে

৩-এর পৃষ্ঠা দেখুন

## সিঙ্গাপুরকে উড়িয়ে সান্ত্বনার জয় পেল বাংলাদেশ

সূর্যোদয় প্রতিবেদন

অনূর্ধ্ব-২৩ এশিয়া কাপের মূল পর্ব থেকে আগে ছিটকে গেলেও বাছাই পর্বের নিয়ম রক্ষায় খেলতে নামা বাংলাদেশের জন্য আজকের দিনটি সুখদায়ক হয়ে উঠেছে। সিঙ্গাপুরের বিপক্ষে ১২ মিনিটের ঝড়ে ৪-১ গোলে জয় পেল ‘সোনার হরিণ’ খ্যাত

২-এর পৃষ্ঠা দেখুন

কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
আসিফ প্লাজা (২য় ও ৩য় তলা), মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে, কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
উরোলজি বিশেষজ্ঞ
ডা. আ. ফ. ম. মুনতাহী রেজা
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি), এমএস (ইউরোলজি)
কিডনি, মূত্রথলী, মূত্রনালী, প্রোস্টেট, অণ্ডকোষ, পুরুষ প্রজননতন্ত্র ও ফিমেল ইউরোলজির রোগের বিশেষজ্ঞ চিকিৎসা ও সার্জারি।
রোগী দেখেন: শনিবার ও রবিবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
মেডিসিন বিশেষজ্ঞ
ডা. মো. আতিকুর রহমান
এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), সিসিডি (বারডেম), এমআরসিপি (ইউকে, পার্ট-১), এফসিপিএস (মেডিসিন) শেষ পর্ব, সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
চিকিৎসা দিচ্ছেন: স্ট্রোক, হৃদরোগ, ডায়াবেটিস, বাতব্যথা, বক্ষব্যাধি, হাঁপানি, যক্ষা, লিভার ও রক্তের রোগ, মানসিক রোগ, কিডনি রোগ, গ্যাস্টিক, উচ্চ রক্তচাপ, জন্ডিস, ফ্যাটি লিভারসহ সব ধরনের মেডিসিন সমস্যায়।
রোগী দেখেন: প্রতি মঙ্গলবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
নিউরোসার্জন (মুজিবনগরে প্রথম)
ডা. মো. মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য),এমএস রেসিডেন্ট, নিউরোসার্জারি (ব্রেইন, নার্ভ, স্পাইন, পেইন), স্পেশাল ট্রেনিং ইন পেইন ম্যানেজমেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতা|
ব্রেইন, নার্ভ ও স্পাইন সম্পর্কিত রোগ ও ব্যথার বিশেষজ্ঞ চিকিৎসা।
রোগী দেখেন: প্রতি শুক্রবার (দুপুর ২টা – সন্ধ্যা ৬টা পর্যন্ত)।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
সব ধরনের অপারেশন করা হয়: হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, অ্যাপেনডিক্স, অর্শ/পাইলস ইত্যাদি।
ডা. মাহাবুব আলম বিপ্লব(সহকারী অধ্যাপক) , ডা. হাসানুজ্জামান নুপুর (বিশেষজ্ঞ সার্জন), ডা. রিচার্ড সরেন (পি.জি.টি সার্জন)
আধুনিক সুবিধাসম্পন্ন কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব-এ অভিজ্ঞ বিশেষজ্ঞ ডাক্তারদের তত্ত্বাবধানে উন্নত চিকিৎসা সেবা পাওয়া যাচ্ছে।

## প্রযুক্তি

## ফোনের কভার কি আদৌ নিরাপদ?

সূর্যোদয় প্রতিবেদন

আমরা অনেকেই নিজের ফোনকে সুন্দর করে রাখতে পছন্দ করি। রং-বেরঙের ফোন কভার, নানা রকম ডিজাইন, স্টাইলিশ এক্সেসরিজড়এগুলো ব্যবহার করলে ফোন দেখতে যেমন ভালো লাগে, তেমনি নিজের পছন্দের একটা ছাপও পড়ে। কিন্তু একটু ভেবে দেখেছেন কি, এই কভার বা অ্যাক্সেসরিজগুলো ব্যবহার করতে গিয়ে আপনি হয়তো অজান্তেই ফোনের ক্ষতি করছেন? বিশেষজ্ঞরা বলছেন, অ্যান্ড্রয়েড বা আইফোন সব স্মার্টফোনই এখন একটা সাধারণ সমস্যায় ভুগছে: সেটা হলো অতিরিক্ত গরম হয়ে যাওয়া। ফোন যত বেশি গরম হয়, ব্যাটারিও তত দ্রুত ফুরায়। এখন, ফোন নির্মাতারা তাপ নিয়ন্ত্রণের জন্য বিশেষ প্রযুক্তি ব্যবহার করেন। ফোনের ভেতরের তাপ যেন সহজে বাইরে বের হয়ে যেতে পারে, সে ব্যবস্থা থাকে। কিন্তু যখন মোটা বা ভারী ব্যাক কভার ব্যবহার করা হয়, তখন সেই তাপ ঠিকভাবে বেরোতে পারে না। ফলে ফোন আরও গরম হয়ে যায় এবং তার প্রভাব পড়ে ফোনের ভেতরের নানা যন্ত্রাংশে। অনেক সময় দেখা যায়, ফোনের স্ক্রিনে সবুজ লাইন পড়ে যাচ্ছে এটাও হতে পারে এই অতিরিক্ত গরম হওয়ার ফল। এমনকি ক্যামেরার পারফরম্যান্সও কমে যেতে পারে। কভার ছাড়া



৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর
পরীক্ষাসমূহ ই.সি.জি (কম্পিউটারাইজড) এক্স-রে আল্ট্রাসনোগ্রাফি হরমন এনালাইসিস সকল প্রকার প্যাথলজি পরীক্ষা মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। ( শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্তিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

## খাওয়ার সাথে সাথে পানি পান

(শেষ পৃষ্ঠার পর)
অস্বস্তি অনুভব করে থাকেন এবং পেট ফুলে যায়। হজমশক্তি এবং স্বাস্থ্যের অবস্থা উত্তম করার জন্য, খাবার খাওয়া এবং পানি পান করার মধ্যে ৩০ মিনিটের ব্যবধান রাখা উচিত। যা আপনার বিপাকতন্ত্রকে আরো সুরক্ষিত করবে এবং আপনার শরীরকে ভালভাবে হাইড্রেটেড রাখবে। হজম স্বাস্থ্য বজায় রাখতে চাইলে ঠান্ডা পানি পান করা থেকে বিরত থাকবেন কারণ এটি হজমে ব্যাঘাত ঘটাতে পারে এবং শরীরে বিষাক্ত পদার্থ জমা করতে পারে। বিশেষ করে অত্যধিক অ্যাসিডিক এবং ক্যাফেইনযুক্ত পানীয় পান করা থেকে বিরত থাকুন কারণ এগুলো অ্যাসিড রিফ্লাক্সের মতো সমস্যা তৈরি করে দিতে পারে।

## সুরক্ষাবিহীন কীটনাশক প্রয়োগে

(শেষ পৃষ্ঠার পর)
উপজেলার পিরোজপুর গ্রামের কৃষক জহুরুল ইসলাম। আর তেরোঘড়িয়া গ্রামের কৃষক সাহারুল ইসলাম যোগ করেন, “কিছু কীটনাশকের ঝাঁজ অনেক বেশি। শরীরের কোনো অংশে লাগলেই জ্বালাপোড়া করে। অনেকক্ষণ সাবান দিয়ে ধুলে তারপর ঠিক হয়।” কৃষকরা অভিযোগ করেছেন, কৃষি বিভাগ তাদের যথেষ্ট সচেতন করেন না। মুজিবনগরের শিবপুর গ্রামের কৃষক আবদুস সবুর বলেন, “আমাদের এ বিষয়ে জ্ঞান খুবই কম। কৃষি অফিসাররা তেমন কিছুই বলেন না। সরকার থেকে হেলমেট, মাস্ক বা হাতমোজা সরবরাহ করলে আমরা ব্যবহার করব।” তবে কৃষি বিভাগ জানিয়েছে, স্বাস্থ্য ঝুঁকির বিষয়টি মাথায় রেখে জেলার ৬৫ হাজার কৃষক পরিবারকে জৈব বালাইনাশক ব্যবহারের পরামর্শ দেওয়া হয়েছে। মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক বিজয় কৃষ্ণ হালদার বলেন, “সরকার সুরক্ষাসামগ্রী দেওয়ার সিদ্ধান্ত নিলে তা মাঠপর্যায়ে কৃষকদের মাঝে বিতরণ করা হবে। পাশাপাশি কীটনাশক ব্যবহারের সময় প্রয়োজনীয় সুরক্ষাসামগ্রী নিশ্চিত করার জন্যও ব্যবস্থা নেওয়া হবে।”

## মেহেরপুর জেনারেল হাসপাতালে দুই

(শেষ পৃষ্ঠার পর)
জিনিসপত্র উদ্ধার করা যায় না, আজ দুই নারী ধরা পড়ে এবং স্বীকার করে যে তাদের দল দীর্ঘদিন ধরে এভাবে চুরি করছে। এদিন তারা চুরি হওয়া ৮ হাজার টাকা ফেরত দেয়।
মেহেরপুর সদর থানার ওসি জানান, আটককৃতদের আদালতের মাধ্যমে জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

## নির্বাচন নিয়ে এক ধরনের রোমাঞ্চ

(শেষ পৃষ্ঠার পর)
রাজনীতির প্রতি শিক্ষার্থীরা বীতশ্রদ্ধ নয়। অতীতের তুলনায় এবারের ডাকসু নির্বাচনে সংঘাত বা হানাহানির আশঙ্কা নেই বললেই চলে। ২০২৪ সালের অভ্যুত্থানের পর থেকে জাতীয় ও ছাত্ররাজনীতিতে যে সহিংসতা হ্রাস পেয়েছে, ডাকসুতেও তার প্রভাব দেখা যাচ্ছে। প্রচার ইতোমধ্যে বন্ধ হয়েছে, নতুন করে গণ্ডগোলেরও কোনো লক্ষণ নেই। তবে কিছু শঙ্কাও রয়েছে। প্রায় ৪০ হাজার ভোটারকে নির্দিষ্ট সময়ে ভোট দেওয়ানো সম্ভব হবে কিনা তা নিয়ে প্রশ্ন আছে। বিশেষ করে নারী ভোটারের সংখ্যা ৪৭ দশমিক ৫ শতাংশ হওয়ায় তাদের নিরাপত্তা ও মতামত নির্বাচনের ফলাফলে গুরুত্বপূর্ণ প্রভাব ফেলবে বলেই মনে করছেন অনেকে। অতীত অভিজ্ঞতায় দেখা গেছে, ডাকসু নির্বাচন শুধু বিশ্ববিদ্যালয় রাজনীতিই নয়, জাতীয় রাজনৈতিক ধারারও প্রতিচ্ছবি। এবার নির্বাচিতরা কী ধরনের ডাকসু গড়বেনড়সে বিষয়ে প্রত্যাশা উঁচু। শিক্ষার্থীরা চান, নতুন নেতৃত্ব চব্বিশের গণঅভ্যুত্থানের আকাঙ্ক্ষাকে ধারণ করবে। একই সঙ্গে বিশ্ববিদ্যালয়কে গণতন্ত্র, সত্য অনুসন্ধান ও জ্ঞানচর্চার কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠা করবে। সবার প্রত্যাশা, নির্বাচিত নেতৃত্ব সমাজ সচেতন থাকবে, জনগণের প্রতি অঙ্গীকারবদ্ধ হবে এবং বিশ্ববিদ্যালয়কে গবেষণার ভান্ডার ও জাতির উন্নয়নের মঞ্চে রূপান্তর করবে। ডাকসু সেই দায়িত্ব পালন করতে পারলেই এ নির্বাচন অর্থবহ হয়ে উঠবে।

## স্বরাষ্ট্র উপদেষ্টা

(শেষ পৃষ্ঠার পর)
তবে আরাকানরা ইদানিং কৃষিতে ঝুঁকছে। সেটা হলে মাদকের ফ্লো কিছুটা কমবে। প্রতিদিন লাখ লাখ পিস ইয়াবা ধরা পড়ছে। উপদেষ্টা আরও বলেন, এবার ইলিশের প্রজনন কম হয়েছে। এটা কীভাবে বাড়ানো যায় সে বিষয় আমরা আলোচনা করছি। ডাকসু নির্বাচন নিয়ে উপদেষ্টা বলেন, গতকাল ডাকসু নিয়ে উপাচার্যের সঙ্গে আলোচনা হয়েছে। যারা ডাকসুতে ভোট দিচ্ছে তারা সবাই শিক্ষিত সমাজের। এখানে সব পিজাইডিং অফিসার, পোলিং অফিসাররাও উচ্চশিক্ষায় শিক্ষিত। এটা জাতীয় নির্বাচনের মতো পুরোপুরি এক না, তবে এটা একটা মডেল। আমরা শান্তিপূর্ণ উৎসবমুখর একটি জাতীয় নির্বাচন উপহার দিতে চাই। সুন্দর করে পত্রিকার প্রতিবেদন করে দেন

## সাংবাদিকরা গুজব প্রতিরোধে

(শেষ পৃষ্ঠার পর)
রাজধানীতে প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) আয়োজিত ‘ডিজিটাল সাংবাদিকতা’ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ করছেন জুলাই গণ-অভ্যুত্থানে আহত ২৮ জন সাংবাদিক। তথ্য সচিব বলেন, “জুলাই অভ্যুত্থানে সাংবাদিকরা নির্ভীক ভূমিকা রেখেছেন। অনেকেই আহত হয়েছেন, কিছু সংখ্যক সাংবাদিক অঙ্গহানি বা দৃষ্টিশক্তি হারিয়েছেন। আমরা সেই রক্তের ঋণ শোধ করার সময় এসেছে। আমাদের দায়িত্ব সত্যকে তুলে ধরা এবং মাথা নত না করা।” তিনি সাংবাদিকদের উদ্দেশে বলেন, “দেশকে সুন্দর করার শপথ আপনাদের নিতে হবে। জনগণের সামনে সত্য তুলে ধরুন। অপতথ্য, গুজব বা অপশক্তির বিরুদ্ধে কলম দিয়ে লড়াই করুন। মানুষের মনে ২৪ জুলাইয়ের গণ-অভ্যুত্থানের স্মৃতি ধরে রাখার দায়িত্বও আপনার।” প্রশিক্ষণ কর্মশালায় সাংবাদিকদের দক্ষতা বৃদ্ধি ও ডিজিটাল সাংবাদিকতার আধুনিক পদ্ধতি শেখার ওপর গুরুত্বারোপ করেন তিনি। তিনি বলেন, “জুলাই অভ্যুত্থানে লেখা ছাড়া ছবি ও ভিডিও মানুষকে সবচেয়ে বেশি স্পর্শ করেছে।” পিআইবির মহাপরিচালক ফারুক ওয়াসিফ বলেন, সাংবাদিকরা শুধুমাত্র তথ্য পরিবেশকেরা নন, তারা ফ্যাসিবাদের বিরুদ্ধে লড়াইয়ের অগ্রসেনানীও। তিনি বলেন, “সত্য সাহসের সঙ্গে না বলা হলে সমাজ নীরব হয়ে যাবে। তাই জেলা ও ছোট শহরের সাংবাদিকরাও সমান গুরুত্বপূর্ণ।” তিনি উল্লেখ করেন, নির্বাচনকালীন ভুয়া খবর ও গুজব প্রতিরোধে সাংবাদিকদের সচেতন থাকা প্রয়োজন। এছাড়া, ভবিষ্যতে ইলেকশন রিপোর্টিং বিষয়ে বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থাও করা হবে।

## শাহবাগে ভিড়, ডাকসু নির্বাচনে সতর্ক

(শেষ পৃষ্ঠার পর)
শাহবাগ মোড়ে ভিড় বাড়তে থাকে। বিশেষ করে ভোটগ্রহণের শেষ সময় ঘনিয়ে আসার সঙ্গে সঙ্গে শাহবাগ এলাকায় উৎসুক মানুষের উপস্থিতি চোখে পড়ার মতো ছিল। আইনশৃঙ্খলা বাহিনী পরিস্থিতি নিয়ন্ত্রণে সাধারণ মানুষকে সরিয়ে দেওয়ার চেষ্টা করছে।
ভোটার ও সাধারণ মানুষের সঙ্গে কথা বলে জানা গেছে, ফলাফল ঘোষণার পর প্রিয় প্রার্থীর বিজয় মিছিলে অংশ নিতে তারা শাহবাগে জড়ো হয়েছেন। বিভিন্ন প্রার্থীর সমর্থক দলীয় জনতাও এলাকায় উপস্থিত ছিলেন। এর আগে ভুয়া পরিচয়পত্র ব্যবহার করে বিশ্ববিদ্যালয়ে প্রবেশের চেষ্টাকালে দুজনকে আটক করে পুলিশ। তবে সারাদিনের ভোট শান্তিপূর্ণ পরিবেশে সম্পন্ন হয়েছে বলে জানিয়েছেন রমনা বিভাগের উপ-পুলিশ কমিশনার মাসুদ আলম। তিনি বলেন, “আজকের ডাকসু নির্বাচন খুবই শান্তিপূর্ণ এবং উৎসবমুখর পরিবেশে সম্পন্ন হয়েছে। আমরা সকাল থেকে সর্বোচ্চ সতর্ক অবস্থানে থেকে কমিশনকে সহযোগিতা করেছি। এখন পর্যন্ত পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে।” নির্বাচনে মোট ভোটার সংখ্যা ছিল ৩৯ হাজার ৮৭৪ জন। এর মধ্যে পুরুষ ভোটার ২০ হাজার ৯১৫ জন এবং নারী ভোটার ১৮ হাজার ৯৫৯ জন। বিশ্ববিদ্যালয় প্রশাসন ভোটকে ঘিরে কঠোর নিরাপত্তা ব্যবস্থা নেয়। প্রতিটি কেন্দ্রে তিন স্তরের নিরাপত্তা বলয় তৈরি করা হয়। পাশাপাশি স্বচ্ছতা নিশ্চিত করতে কেন্দ্রগুলোতে এলইডি স্ক্রিনে সরাসরি ফলাফল প্রদর্শনের ব্যবস্থা রাখা হয়েছে। ভোট সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সোমবার রাত থেকেই বিপুলসংখ্যক পুলিশ, বিএনসিসি সদস্য এবং বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা রক্ষাকারী শিক্ষার্থীরা ক্যাম্পাসে অবস্থান নেন। নিরাপত্তা জোরদারে টিএসসি এলাকায় পুলিশের অস্থায়ী ক্যাম্প, ডগ স্কোয়াড ও বোমা নিষ্ক্রিয়কারী দল মোতায়েন করা হয়। সার্বিকভাবে এবারের ডাকসু নির্বাচন শান্তিপূর্ণ পরিবেশে সম্পন্ন হয়েছে বলে দাবি করেছে পুলিশ প্রশাসন। এখন নজর ভোটগণনা ও ফলাফল প্রকাশের দিকে।

## ফোনের কভার কি আদৌ নিরাপদ?

(শেষ পৃষ্ঠার পর)
ফোন চালানো কি তাহলে নিরাপদ? না, সেটাও খুব একটা ভালো আইডিয়া নয়। কারণ হাত ফসকে পড়ে গেলে ফোনের বড় ক্ষতি হয়ে যেতে পারে। তবে এর সহজ সমাধান হচ্ছেড়হালকা, পাতলা, ভালো মানের কভার ব্যবহার করা। আর যদি আপনি গেম খেলেন বা চার্জে বসান, তখন কভার খুলে রাখলে ভালো হয়। এতে তাপ সহজে বের হয়ে যেতে পারে এবং ফোন গরম হওয়া কমে যায়। ফোনকে স্টাইলিশ রাখার পাশাপাশি সুরক্ষিত রাখাও জরুরি। তবে সেটা যেন ফোনের ক্ষতির কারণ না হয়, সেটাও মাথায় রাখা দরকার। তাই খুব ভারী বা ঘন কভার না ব্যবহার করাই ভালো। আর ফোন চার্জে থাকলে বা গেমিংয়ের সময় একটু সাবধান থাকলেই ফোন থাকবে ঠান্ডা ও নিরাপদ।

## রাজনৈতিক দল নিবন্ধন প্রক্রিয়া

(শেষ পৃষ্ঠার পর)
বলেন, “আমরা প্রাপ্ত তথ্যগুলো একটি ব্রডশিট আকারে সন্নিবেশ করছি। আগামীকাল এটি কমিশনে উপস্থাপন করা হবে, এবং এরপর কমিশন চূড়ান্ত সিদ্ধান্ত নেবে।” নিবন্ধন প্রক্রিয়ার সঙ্গে প্রতীক বরাদ্দও গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করে তিনি জানান, প্রতীক সংক্রান্ত বিধিমালার সংশোধনের প্রস্তাব এখনও আইন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় অনুমোদনের অপেক্ষায় রয়েছে। আখতার আহমেদ বলেন, “নিবন্ধন দেওয়া সম্ভব, তবে প্রতীক প্রদানে কিছু বিলম্ব হতে পারে। আমরা চাই, নিবন্ধন ও প্রতীক একসাথে প্রদান করা হোক, যাতে নতুন রাজনৈতিক দলগুলো সুষ্ঠুভাবে নির্বাচনে অংশ নিতে পারে।” এবার ত্রয়োদশ সংসদ নির্বাচনে নতুন দল হিসেবে নিবন্ধনের জন্য ইসিতে মোট ১৪৩টি রাজনৈতিক দল আবেদন করেছে। প্রাথমিক বাছাই শেষে ১২১টি দলের আবেদন বাতিল করা হয়। বাকি ২২টি দল মাঠ পর্যায়ে যাচাই-বাছাই প্রক্রিয়ায় টিকে আছে। আবেদন বাতিল হওয়া দলগুলোকে কমিশন আনুষ্ঠানিকভাবে চিঠি প্রদান করেছে। মাঠ পর্যায়ের যাচাই-বাছাই শেষে যেসব দল নিবন্ধনের জন্য নির্বাচনী প্রক্রিয়ায় টিকে আছে, সেগুলো হলো: জাতীয় নাগরিক পার্টি (এনসিপি), ফরওয়ার্ড পার্টি, আম জনতার দল, বাংলাদেশ গণতান্ত্রিক পার্টি (বিজিপি), বাংলাদেশ সংস্কারবাদী পার্টি (বিআরপি), বাংলাদেশ নেজামে ইসলাম পার্টি, বাংলাদেশ সমাজতান্ত্রিক দল (মার্কসবাদী), মৌলিক বাংলা, বাংলাদেশ জাস্টিস অ্যান্ড ডেভোলপমেন্ট পার্টি, জাতীয় জনতা পার্টি, জনতার দল, জনতা পার্টি বাংলাদেশ, বাংলাদেশ আমজনগণ পার্টি, বাংলাদেশ জাতীয় লীগ, ভাসানী জনশক্তি পার্টি, বাংলাদেশ বেকার মুক্তি পরিষদ, বাংলাদেশ কমিউনিস্ট পার্টি (মার্কসবাদী) সিপিবি (এম), জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদ-শাহজাহান সিরাজ), জমিয়তে উলামায়ে ইসলাম, বাংলাদেশ বেকার সমাজ (বাবেস), বাংলাদেশ সলুশন পার্টি এবং নতুন বাংলাদেশ পার্টি। ইসি সচিব জানান, কমিশন মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহ ও যাচাই-বাছাই প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর সর্বোচ্চ সতর্কতা এবং বিচার-বিশ্লেষণ অবলম্বন করে প্রতিটি আবেদন যাচাই করে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে। নতুন রাজনৈতিক দলগুলো সময়মতো নিবন্ধন ও প্রতীক পেলে ত্রয়োদশ সংসদ নির্বাচনে তাদের অংশগ্রহণে কোনো বাধা থাকবে না। এটি নির্বাচনী প্রতিযোগিতা বৃদ্ধি এবং প্রার্থীদের মধ্যে সমতার নিশ্চয়তা দেয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে

## বিএনপি ক্ষমতায় গেলে অস্ট্রেলিয়ার

(শেষ পৃষ্ঠার পর)
গঠিত বিএনপি সবসময় জনগণের অধিকার প্রতিষ্ঠার আন্দোলন করে আসছে। প্রবাসী নেতাকর্মীরা দেশের গণতান্ত্রিক আন্দোলনে বিভিন্নভাবে অবদান রেখেছেন, তা ভবিষ্যতেও অব্যাহত রাখতে হবে। তিনি আরও বলেন, “অস্ট্রেলিয়ার সিনেটর ও এমপিরা বাংলাদেশের সামগ্রিক বিষয়ে সক্রিয় ভূমিকা রেখেছেন। তাদের প্রচেষ্টা ইতিবাচক ফল দিয়েছে। এই সহযোগিতা ও প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।” অনুষ্ঠানে অস্ট্রেলিয়ায় অবস্থানরত বিএনপির সর্বস্তরের নেতাকর্মীদের প্রতিষ্ঠাবার্ষিকীর শুভেচ্ছা ও অভিনন্দন জানান আমীর খসরু। অস্ট্রেলিয়া বিএনপির সভাপতি এএফম তাওহীদুল ইসলামের সভাপতিত্বে আয়োজিত এ অনুষ্ঠানে সঞ্চালনা করেন প্রকৌশলী মশিউর রহমান মুন্না, শফিউল আলম শফিক ও আবিদা সুলতানা। জাতীয় নির্বাহী কমিটির আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক মোহাম্মদ রাশেদুল হকও অনুষ্ঠানে বক্তব্য রাখেন। শুরুতে দোয়া পরিচালনা করেন অস্ট্রেলিয়া বিএনপির কোষাধ্যক্ষ মনজুরুল হক আলমগীর। শিশুদের অংশগ্রহণে অনুষ্ঠিত চিত্রাঙ্কন প্রতিযোগিতায় প্রায় ৪০ জন শিশু অংশ নেয়। এ ছাড়া জিয়া সাইবার ফোর্স (জেডসিএফ) অস্ট্রেলিয়া মহাদেশ শাখার নব অনুমোদিত কমিটির আহ্বায়ক শরিফুল ইসলাম শিবলি ও সদস্য সচিব বাদশা বুলবুলকে ফুল দিয়ে শুভেচ্ছা জানানো হয়। পরে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়, যার সার্বিক তত্ত্বাবধান করেন অস্ট্রেলিয়া বিএনপির সাংস্কৃতিক সম্পাদক নামিদ ফারহান। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সংগঠনের সহ-সভাপতি আশরাফুল ইসলাম ও শাহ আলম, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক ইলিয়াস কাঞ্চন শহীন, যুগ্ম সম্পাদক ইয়াসির আরাফাত সবুজসহ অস্ট্রেলিয়া বিএনপির বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

## বিক্ষোভের মুখে পদত্যাগ করলেন

(শেষ পৃষ্ঠার পর)
পোখারা, বুতোয়াল, ভারতপুর ও ইতাহারিতে। অবস্থার অবনতিতে সরকার সেনা মোতায়েন করে। তবে পুলিশের গুলিতে অন্তত ১৯ জন বিক্ষোভকারী নিহত হন, যাদের মধ্যে শিক্ষার্থীরাও ছিলেন। আহত হয়েছেন চার শতাধিক তরুণ। এ ঘটনার দায় নিয়ে এর আগেই স্বরাষ্ট্রমন্ত্রী ও কৃষিমন্ত্রী পদত্যাগ করেছিলেন। বিক্ষোভকারীরা সংসদ ভবন ও রাজনৈতিক নেতাদের বাসভবনে ভাঙচুর চালান। মঙ্গলবার প্রধানমন্ত্রীর পদত্যাগের পর বিক্ষোভকারীরা সংসদ ভবনে ঢুকে আগুন দেন। সংসদ সচিবালয়ের মুখপাত্র একরাম গিরি জানান, শত শত মানুষ সংসদ এলাকায় ঢুকে মূল ভবনে আগুন ধরিয়ে দেয়।

## ভিন্ন রূপে ধরা দিলেন অ্যাঞ্জেলিনা জোলি

বিনোদন ডেস্ক

হলিউড তারকা অ্যাঞ্জেলিনা জোলি আবারও প্রমাণ করেছেন, তিনি কেবল একজন অভিনেত্রী নন; বরং এক নিখুঁত স্টাইল আইকনও। দীর্ঘদিন ধরে তাঁর লম্বা কালো চুল ভক্তদের কাছে ছিল এক ধরনের ‘ট্রেডমার্ক’। কিন্তু এবার সেই চেনা চেহারা ভেঙে একেবারে ভিন্ন রূপে হাজির হয়েছেন তিনি। এবার দেখা গেল তাঁকে হালকা সোনালি রঙের ছোট বব হেয়ারস্টাইলে। সম্প্রতি লন্ডনে ‘অ্যাংকশাস পিপল’ সিনেমার সেটে এভাবেই ধরা দিয়েছেন তিনি। প্রায় তিন দশকের মধ্যে এটাই তাঁর সবচেয়ে ছোট হেয়ারস্টাইল। প্রকাশিত ছবিতে দেখা যায়, তিনি পরেছেন লম্বা সাদা র্যারপ টপ, ফ্লোই ক্যাপ্রি প্যান্ট, সঙ্গে হালকা লাল লিপস্টিক ও সোনালি ব্রোচ। সাধারণত লম্বা কালো চুলে অভ্যস্ত ভক্তরা নতুন এই রূপ দেখে এককথায় মুগ্ধ হয়েছেন। অ্যাঞ্জেলিনা জোলির ক্যারিয়ারে যেমন বহুমাত্রিক চরিত্র এসেছে, তেমনি প্রতিটি লুকও দর্শকদের মনে রেখাপাত করেছে। ‘গার্ল, ইন্টারাপটেড’ থেকে শুরু করে ‘মেলিফিশেন্ট’- প্রতিবারই তিনি নতুন রূপে হাজির হয়েছেন। তবে সোনালি ছোট বব হেয়ারকাট তাঁর জন্য একেবারেই নতুন অধ্যায়, যা শুধু ছবির চরিত্রের প্রয়োজনে নয়; বরং তাঁর ক্যারিয়ারের ফ্যাশন মাইলস্টোন হিসেবেও ধরা হচ্ছে। ‘অ্যাংকশাস পিপল’ সিনেমায় জোলির লুকের ছবিটি প্রথম প্রকাশিত হয় ব্যাকগ্রিডে, এরপর দ্রুত ছড়িয়ে পড়ে ফ্যান ক্লাবগুলোতে। সামাজিক মাধ্যমে এক ভক্ত লিখেছেন, “এ যেন নতুন এক জোলি, অথচ আগের মতোই মোহময়ী।” আরেকজন মন্তব্য করেছেন, “তিনি যখনই লুক পরিবর্তন করেন, তখনই সেটি ফ্যাশনের নতুন ধারা হয়ে ওঠে।” মার্কিন একাধিক গণমাধ্যম জানিয়েছে, শুটিংয়ের সময় তাঁর সঙ্গে ছিলেন ২৪ বছর বয়সী ছেলে ম্যাডক্স জোলি-পিট, যাঁকে তিনি সাবেক স্বামী ব্র্যাড পিটের সঙ্গে ভাগ করে নিয়েছেন। মা-ছেলের এই মুহূর্তও আলাদা করে নজর কেড়েছে ভক্তদের। সিনেমাটি নির্মাণ করছেন মার্ক ফস্টার। চিত্রনাট্য লিখেছেন ডেভিড মেজে। এতে জোলি ছাড়াও অভিনয় করছেন জেসন সিগেল এবং আইমি লু উড। জানা গেছে, ২০২৬ সালে মুক্তি পাবে ছবিটি।



‘অ্যাংকশাস পিপল’ নির্মিত হচ্ছে ফ্রেডরিক ব্যাকম্যানের নিউইয়র্ক টাইমস বেস্টসেলার উপন্যাস অবলম্বনে। ছবির গল্পে দেখা যাবে বড়দিনের আগের দিন এক বিনিয়োগ ব্যাংকার জারা হঠাৎ জড়িয়ে পড়েন এক অদ্ভুত পরিস্থিতিতে। সেখানে এক ব্যর্থ ব্যাংক ডাকাত ভুল করে কয়েকজন অচেনা মানুষকে জিম্মি করে ফেলে। শুরু হয় বিশৃঙ্খলা, একের পর এক গোপন রহস্য উন্মোচিত হতে থাকে, আর ঘটনার মোড় ঘুরতে থাকে ক্রমাগত।

ভাস্কর ডেন্টাল সার্জারী
টি এন্ডটি রোর্ড,এশিয়ানেট মোড়, বড়বাজার , মেহেরপুর
ডি,এন ভাস্কর (মানস)
(ডেন্টাল টেকনোলজিস্ট)
ডিএমডিটি (ঢাকা) এমএফটি (ডেন্টাল),
খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল
রোগী দেখার সময় :
সকাল : ৯টা – দুপুর ২টা, বিকাল : ৫টা – রাত ৯টা
(প্রতিদিন খোলা)
০১৬৭১-৫৮৫২৩২, ০১৯২০-৬৯৪৫৩২
অত্যাধুনিক যন্ত্রপাতি জীবাণুমুক্ত পরিবেশসহ দাঁতের চিকিৎসা করা হয়। রুট ক্যানেল , কসমেটিক ফিলিং দাঁত তোলা সহ সকল প্রকার দাঁতের চিকিৎসা করা হয়।

কাফুর
ড্রিংকিং ওয়াটার
বিশুদ্ধ পানির বিশ্বস্ত নাম
হোটেল বাজার,
যাদবপুর রোড, মেহেরপুর
বিনামূল্যে হোম ডেলিভারি সুবিধা!
সরাসরি ঘরে পৌঁছে দিন বিশুদ্ধ পানির নিশ্চয়তা
RO ফিল্টার প্রযুক্তিতে বিশুদ্ধকরণ
স্বাস্থ্যসম্মত বোতল
দ্রুত সরবরাহ
আজই অর্ডার করুন!
ডেলিভারি হটলাইন:
০১৯২৩-১২১২৯১
০১৯২৩-১২১২৯৮
অফিস যোগাযোগ: ০১৯২৩-১৩১৩৫৪

নাজ জুয়েলার্স
হাইস্কুল রোড, গাংনী বাজার, মেহেরপুর
বিশেষ অফার
২১ কে ও ২২ কে স্বর্ণের গহনাগুলো
গ্যারান্টি সহকারে
অনন্য ডিজাইন
সেরা মানের স্বর্ণ
আজই আসুন ও আপনার স্বপ্নের গহনা নির্বাচন করুন!
নাজ জুয়েলার্স – মান ও সৌন্দর্যের প্রতিশ্রুতি
প্রোপাইটার: হাজি মোঃ জাহিদুল আলম
মোবাইল: ০১৯২৩-৮৬২৮৬৯ | ০১৭১৮-৫৬০৩৬৮

রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।
মোবাইল ০১৭৬৬-৪৮৭৪০৯, ০১৭৬৮-৩৭৭১৯১, ০১৭৪০-৩৮৮৭৮৯
যে সকল ডাক্তারগণ নিয়মিত সেবা প্রদান করছেন
ডাঃ বি ডি দাস (পিকলু)
এম. বি. বি. এ. বি. সি. এস (স্বাস্থ্য), সি. এস. ইউ (আল্ট্রাসনো)
বাত ব্যাথ্যা, শিরা ও সার্জারী রোগের চিকিৎসক।
রোগী দেখার সময় : প্রতিদিন বেলা ২ টা হতে সন্ধ্যা ৭ টা।
ডা. মো: আব্দুল আল মারুফ
এমবিবিএস (রাজ) বিসিএস স্বাস্থ্য,এফসিপিএস(শিশু) শেষ পর্ব, এমএস শিশু. সার্জরী কোর্স বিএসএমএম ইউ, সিসিডি বার্ডেম, পিজিপিএন, শিশু পুস্টি ( বোস্টান ইউনিভ্রসিটি আমেরিকা)
রোগী দেখার সময় : প্রতি বৃহস্পতিবার দুপুর ৩টা থেকে সন্ধ্যা ৬ টা
ডাঃ ইসরাত জেরিন ইভা
এম. বি. বি. এস. পি. জি. টি (গাইনী অ্যান্ড অবস্) , সি. এম. ইউ (আল্ট্রা)
গাইনী প্রসুতি মেডিসিন রোগের চিকিৎস, ( আবাসিক মেডিকেল অফিসার)
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ১০ টা হতে বিকাল ৫ টা।
পুস্টিবিদ: তরিকুল ইসলাম
বিপিএচি(নিউট্রিশন).এমপি এইচ(নিউট্রিশন), সিএমইউ এন্ড ডিএমইউ (আল্ট্রা), ডিপ্লমা ইন মেডিকেল ফ্যাকালটি, পুষ্টি বিশেষজ্ঞ
আমাদের সেবাসুমহ : বিষেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ, কম্পিউটারাইজড প্যাথলজী, ডিজিটাল আলট্রাসনোগ্রাফী,হরমোন পরীক্ষা, ইসিজি এক্স-রে ও স্বল্প খরছে অপারেশন করা হয়

নিউ এভারকেয়ার নার্সিং হোম
চক্রপাড়া মোড়, হুদা হেলথ কেয়ারের ২য় তলা
ওয়াবদা রোড, মেহেরপুর
NEW EVERCARE NURSING HOME
**হট লাইন:** ০১৭৬৩-৬৪৬৬০৩
**ব্যবস্থাপনা পরিচালক:** ০১৭৪৩-৯০৪৩৩৬
**ম্যানেজার (শিমুল):** ০১৩০৪-১৫৬০৮৮৮
**রিসেপশন:** ০১৩০৪-১৫৬০৮৮৮
বিশেষজ্ঞ ডাক্তারবৃন্দ
ডা. সুরাইয়া মারমিন (পুস্প)
এম.বি.বি.এস (ডিএমসি), বি.সি.এস (স্বাস্থ্য) এফ.সি.পি.এস (গাইনী ও অবস), ডি আল্ট্রা প্রসূতি ও নারী রোগ বিশেষজ্ঞ ও সার্জন।
ডা. মোঃ ফজলুর রহমান
এম.বি.বি.এস (স্বাস্থ্য), এম.এস জেনারেল (সার্জারী) , কনসালট্যান্ট (সার্জারী), ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. পারভীন আখতার
জুনিয়ার কনসালট্যান্ট (গাইনী ও অবস) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা ।
ডা. মোঃ সউদ কবীর
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), ডি-অর্থ (এফপি) ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. অলোক কুমার দাস
এম.ডি (নোরেল মেডিসিন), রাশিয়া , এম.পি.এইচ (বিডি), বিসিএস (স্বাস্থ্য), এমও বিটি . ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর ।
**আমাদের সেবাসমূহ**
প্রাইভেট ও সাধারণ রোগী সেবা . প্রসূতি ও নারী স্বাস্থ্য ,
সার্জারি ও সাধারণ চিকিৎসা
উন্নত ও বন্ধুত্বপূর্ণ পরিবেশ

নিউ মনা জুয়েলার্স
অলংকার জগতের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
সাউদিয়া টাওয়ার, কাঁশারী বাজার, মেহেরপুর।
আধুনিক ডিজাইনের স্বর্ণ, রূপা ও হীরার গহনা।
বিশুদ্ধতা ও গুণগত মানে আপসহীন ও অপ্রতিদ্বন্দ্বি
আস্থার সাথে অলংকার কেনা- বেচার নির্ভরযোগ্য ঠিকানা
প্রোপাইটার : হামিদুল ইসলাম
পরিচালনায় : মোস্তাফিজুর রহমান মনা
যোগাযোগ : ০১৭১৬-৫৭০৮৯৩, ০১৯১৯-৫৭০৮৯৩

বিসমিল্লাহ্ ফামেসী
প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু
সকল প্রকার দেশ-বিদেশী ঔষধ সুলভ মূল্যে খুচরা ও পাইকারী বিক্রেতা
ট্রাফিক মোড় হোটেলবাজার,মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪৩৩৩৮৬

ত্রয়ী স্টোর এন্ড বুটিকস
স্টাইলে থাকুন, ট্র্যাডিশনে ফিরুন!
শাড়ি হোক বা সালোয়ার কামিজ, ওয়েস্টার্ন টপ হোক কিংবা হ্যান্ডলুম কুর্তি– ত্রয়ী তে পাওয়া যায় ট্র্যাডিশন আর ট্রেন্ডের এক অনন্য মিশেল!
✓ এক্সক্লুসিভ বুটিক পোশাক
✓ হাতে তৈরি দেশি জামাকাপড়
✓ দেশি-বিদেশী কসমেটিকস
✓ কুকারিজ আইটেম
✓ ইউনিক গিফট আইটেম
✓ কাস্টম ডিজাইন ও অর্ডার সুবিধা
ফ্যাশনের সাথে আপনিও বদলান, নিজের মতন স্টাইলে
কেএন সুপার মার্কেট, প্রধান সড়ক, বড়বাজার, মেহেরপুর
মোবাইল: ০১৭১৪-৫২০০৬৭ / ০১৯১৯৬০০৭৯৫

রাবেয়া মেডিকেল সার্ভিসেস
(কমপ্লিট মেডিকেল সলিউশন অন জেনারেল হাসপাতাল গেট, মেহেরপুর।
আমাদের সেবা সমূহ ইসিজি (ECG) , সেরোলজি,কাসকপি, ক্লোনসকপি.ক্লিনিক্যাল প্যাথলজি.বিশেষজ্ঞ ডাক্তার চেম্বার,ডিজিটাল আল্ট্রাসনোগ্রাফি,সর্বাধুনিক ডিজিটাল এক্স-রে,হেমাটোলজি (সেল কাউন্টার ৫ পার্ট),বায়োকেমিস্ট্রি (অটো অ্যানালাইজড),হরমোন অ্যানালাইসিস (অটো অ্যানালাইজড), ইলেক্ট্রোলাইটস (অটো অ্যানালাইজড), ইকো-কার্ডিওগ্রাফি ( 4D & 2D)
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন: 01754974466, 01724-787313
মার্কেটিং অফিসার: 01304-100307, 01304-100308
ডা. মোঃ আলাউদ্দিন আল-আজাদ
অর্থোপেডিক সার্জারি, এমবিবিএস, ডি-অর্থো (সার্জারি), প্রাক্তন সার্জন, পঙ্গু হাসপাতাল ঢাকা
শনি-বৃহস্পতিবার, বিকেল ৪টা-সন্ধ্যা ৬.৩০
সহকারী অধ্যাপক ডা. বিপুল কুমার
গাইনী ও প্রসূতি: এমবিবিএস, ডিজিও, এফসিপিএস (গাইনী ও অবস) প্রতিদিন বিকেল ৪টা-রাত ৮টা, শুক্রবার সকাল ৮টা-দুপুর ২টা
ডা. মোঃ ইয়ানুর হোসেন
মেডিসিন ও কার্ডিওলজি,এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (মেডিসিন), এমডি (কার্ডিওলজি), কনসালটেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল বৃহস্পতিবার বিকেল ৩টা-রাত ৮টা শুক্রবার সকাল ৮টা-রাত ৮টা
ডাঃ মোঃ আবুল কাশেম
ইএনটি (কান, নাক ও গলা)এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (ইএনটি), ফেলোশিপ ইন মাইক্রো ইয়ার সার্জারি (চেন্নাই, ইন্ডিয়া) বৃহস্পতিবার বিকেল ৩টা-রাত ৮টা, শুক্রবার সকাল ৮টা-রাত ৮টা
সহকারী অধ্যাপক
ডাঃ মোঃ মাহবুবুল আলম (বিপ্লব)
চক্ষু বিশেষজ্ঞম,,এমবিবিএস (ঢাকা), এফসিপিএস (চক্ষু) শুক্রবার সকাল ১০টা-দুপুর ১টা
ডাঃ মোঃ রোকনুজ্জামান
চর্ম ও যৌন রোগ,এমবিবিএস, এফসিপিএস শেষ পর্ব (স্কিন এন্ড ভিডি), সিসিজিপি (ডিএমসি) বৃহস্পতিবার সকাল ৮টা-১১টা
সহকারী অধ্যাপক ডাঃ মোঃ এমরানুল ইসলাম (আবির)
শিশু সার্জারি,এমবিবিএস (ডিএমসি), এমএস (শিশু সার্জারি), কুষ্টিয়া মেডিকেল কলেজ,। প্রতিদিন বিকেল ৪টা-রাত ৮টা শুক্রবার সকাল ৮টা-রাত ৮টা
ডাঃ মাহবুবা তাজমিলা
শিশু বিশেষজ্ঞ,এমবিবিএস (ঢাকা), এফসিপিএস (শিশু) শনিবার ও মঙ্গলবার দুপুর ২.৩০-বিকেল ৫টা।
ডা. এম এম কবির শাওন
এ্যাজমা ও আল্ট্রাসাউন্ড,এমবিবিএস, ডিএলপি (এ্যাজমা), ডিএমইউ (আল্ট্রাসাউন্ড) প্রতিদিন সকাল ১০টা-দুপুর ২টা, বিকেল ৪টা-রাত ৮টা.
ডা. মেহেদী হাসান জনি
ইউরোলজি,এমবিবিএস (ঢাকা), এমএস (ইউরোলজি), কুষ্টিয়া মেডিকেল কলেজ। শুক্রবার সকাল ৯টা-দুপুর ১টা
সহকারী অধ্যাপক
ডা. মোঃ আরিফুল ইসলাম
সার্জারি ও ল্যাপারোস্কপি,এমবিবিএস (ঢাকা), এফসিপিএস (সার্জারি), কুষ্টিয়া মেডিকেল কলেজ মাসের প্রথম সোমবার দুপুর ২টা-বিকাল ৫টা
ডা. মোঃ সফিউল আলম
জেনারেল ও ল্যাপারোস্কপিক সার্জারি,এমবিবিএস, এফসিপিএস (সার্জারি), সহকারী অধ্যাপক, আর্মি মেডিকেল কলেজ, যশোর। শুক্রবার সকাল ৯টা-বিকেল ৫টা

আল হায়াত
ডায়াগনস্টিক সেন্টার
চক্রপাড়া মোড়, হাসপাতাল রোড, মেহেরপুর।।
সিরিয়াল: ০১৭২২-৭৭৯৫৫০, ০১৭৫৫-৭০৬৪৬৪
ডাঃ আসাদুল্লাহ-আল-গালবি
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস- মেডিসিন (ফাইনাল পার্ট) মেডিসিন,ডায়াবেটিস, উচ্চরক্তচাপ, হাপানি, কোমর ব্যথা ও বাত ব্যথা বিষয়ে অভিজ্ঞ মেডিকেল অফিসার : রাজশাহী মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৪টা
ডাঃএম. এম. জাহিদুল ইসলাম
উচ্চ রক্তচাপ, বাতব্যাথা, কোমর ব্যাথা, বাতজ্বর ,হাড় ব্যাথা, হাঁপানি. ডায়াবেটিক ঘা এবং না শুকানো ক্ষত ও পি আর পি চিকিৎসক।
রোগী দেখেন : শনি থেকে বুধবার দুপুর ২টা থেকে সন্ধ্যা ৬টা
ডাঃ আব্দুল্লাহ আল রশিদ
চর্ম ও যৌন রোগে অভিজ্ঞ
এমবিবিএস (শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম), সিএমইউ (আল্ট্রা) সহকারী রেজিস্টার, চর্ম ও যৌন বিভাগ কুষ্টিয়া মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি সোমবার দুপুর ২.৩০ টা থেকে বিকাল ৫ টা
ডাঃ সাজিয়া আফরিন
গাইনী, প্রসুতি, স্ত্রী রোগের চিকিৎসক ও সার্জন
এমবিবিএস (ডিইউ) সিসিডি (বারডেম) ডিএমইউ (সনোলজি) ডিজিও (কোর্স-গাইনী এন্ড অবস্) গাইনী(স্ত্রী রোগ) ও প্রসুতি বিদ্যা চিকিৎসক এবং সার্জন
রোগী দেখেন : প্রতি বৃহস্পতিবার বিকাল ৫ টা থেকে রাত ৮ টা পর্যন্ত, প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকে রাত ৮ টা পর্যন্ত

নিউ স্কায়ার ল্যাব
ওয়াবদা মোড়, হাসপাতাল রোড,মেহেরপুর।
সিরিয়ালের জন্য মোবাইল নম্বর : ০১৮৫৮-৯৫৬৯৩৩
ডাঃ মোঃ মাহাফুজুল হক সরকার
মেডিসিন, নিউরো,বক্ষব্যাধি,ডায়াবেটিস,গ্যাস্টলিভার,ব্যাতব্যাথা ও মনোরোগ চিকিৎসক
এমবিবিএস(আরইউ),ডিএফএম(বিসিএমইউ),এফসিপিএস পার্ট- ১, পিজিটি(মেডিসিন), সিসিডি(বারডেম),
রুগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯ টা হইতে সন্ধ্যা ৬ টা পর্যন্ত
ডাঃ মোঃ রবিউল ইসলাম আবির
মেডিসিন, হৃদরোগ, উচ্চ রক্ত চাপ,ব্যাত ব্যাথা, ডায়াবেটিস,লিভার ও জন্ডিস রোগ চিকিৎসক
এমবিবিএস(ঢাকা) সিসিড বারডেম, সিএমইউ(আল্ট্রা)
রুগী দেখেন :প্রতিদিন সকাল ১০ টা হইতে দুপুর ২টা, বিকাল ৩ ট হতে রাত্রী ৮ টা।
ডাঃ তাসমেরী নাহার
স্ত্রী, প্রসূতি ও গাইনী রোগ চিকিৎসক , এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন : প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডা: সেজুঁতি মেহেতাজ
নি:সন্তান, বন্ধ্যাত্ব,গর্ভকালীন বিভিন্ন সমস্যা, শিশু ও গাইনী রোগের চিকিৎসক
এমবিবিএস(রাজশাহী),বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডাঃ ফরহাদ পারভেজ
মেডিসিন, বাতজ্বর,উচ্চ রক্তচাপ, ব্যাত ব্যাথা রোগের চিকিৎসক
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, বুধবার, ১০ সেপ্টেম্বর ২০২৫ ইং

## সংস্কার না হওয়ায় নষ্ট হচ্ছে মৎস্য অবতরণ কেন্দ্র, ক্ষতিগ্রস্ত জেলে-ব্যবসায়ী

মেহেরপুরের গাংনীর মোহাম্মদপুর-চরগোয়াল গ্রামের মরা নদীতে স্থাপিত মৎস্য অবতরণ কেন্দ্রটি আজ প্রায় তিন দশক পর ব্যবহার অযোগ্য হয়ে পড়েছে। একসময় এ কেন্দ্র ছিল জেলে, শ্রমিক ও ব্যবসায়ীদের কর্মচাঞ্চল্যে ভরপুর। নদী থেকে মাছ ধরার পর এখানেই হতো বেচাকেনা, যা স্থানীয় অর্থনীতির গতিশীলতা বাড়াত। কিন্তু পানিশূন্য নদী, জরাজীর্ণ অবকাঠামো ও ব্যবস্থাপনার অভাবে এ কেন্দ্র আজ পরিত্যক্ত। এ অবস্থার কারণে ক্ষতিগ্রস্ত হচ্ছেন স্থানীয় জেলে ও ব্যবসায়ীরা। মাছ সংরক্ষণের সুযোগ না থাকায় অতিরিক্ত খরচে তাঁদের পাশের জেলায় মাছ বিক্রি করতে যেতে হচ্ছে। এতে খরচ যেমন বাড়ছে, তেমনি সময় ও শ্রমও অপচয় হচ্ছে। দীর্ঘদিন ধরে এভাবে একটি সরকারি স্থাপনা নষ্ট হয়ে পড়ে থাকা শুধু অব্যবস্থাপনার উদাহরণ নয়, বরং সাধারণ মানুষের ক্ষতির কারণ হয়ে দাঁড়িয়েছে। প্রশাসনের দায়িত্ব শুধু অবকাঠামো তৈরি করাই নয়, বরং তা টিকিয়ে রাখা ও জনস্বার্থে ব্যবহার নিশ্চিত করাও। স্থানীয় জেলে, শ্রমিক ও ব্যবসায়ীদের দাবি যুক্তিসঙ্গত মৎস্য অবতরণ কেন্দ্রটি সংস্কার ও পুনরায় চালু করা। এতে শুধু স্থানীয় অর্থনীতি চাঙা হবে না, কর্মসংস্থানেরও নতুন সুযোগ তৈরি হবে। আমাদের প্রত্যাশা, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দ্রুত পদক্ষেপ নেবে। ঝুঁকিপূর্ণ ভবন সংস্কার, পন্টুন ও জেটি মেরামত, মাছ সংরক্ষণের ব্যবস্থা ও পানির সমস্যার সমাধান করা জরুরি। অবকাঠামোটি পুনরায় সচল হলে মেহেরপুরসহ আশপাশের জেলাগুলোর মাছ ব্যবসায়ও গতি পাবে। জনগণের অর্থে নির্মিত অবকাঠামো পরিত্যক্ত অবস্থায় নষ্ট হয়ে যাবেড়এমনটি কখনো কাম্য নয়। তাই সময়োপযোগী সংস্কার ও কার্যকর ব্যবস্থাপনার মাধ্যমেই এ মৎস্য অবতরণ কেন্দ্রকে আবারও প্রাণবন্ত করে তুলতে হবে।

## মেহেরপুরে ১২ মামলার আসামী

(প্রথম পৃষ্টার পর)

চয়ারম্যান প্রার্থী হয়ে ব্যাপক গণসংযোগ চালিয়েছিলেন, যা সেই সময় জেলা জুড়ে আলোচিত হয়েছিল।

## কাতারে হামাস নেতাদের লক্ষ্য করে

(প্রথম পৃষ্টার পর)

দোহায় একটি আবাসিক ভবন লক্ষ্য করে হামলা চালানো হয়েছে, যেখানে হামাসের রাজনৈতিক ব্যুরোর কয়েকজন সদস্য অবস্থান করতেন। আনসারি এটিকে আন্তর্জাতিক আইন লঙ্ঘন এবং অবিচারমূলক আক্রমণ হিসেবে অভিহিত করেছেন। বিশ্লেষকরা মনে করছেন, এই হামলা ইসরায়েল ও হামাসের মধ্যে চলমান সংঘাতকে নতুন মাত্রা যোগ করেছে এবং কাতারের মধ্যস্থতাকারী ভূমিকাকে পুনর্বিবেচনার মুখে ফেলেছে।

## মেহেরপুরে পূজা উদযাপন সুষ্ঠু

(প্রথম পৃষ্টার পর)

জেলা পূজা উদযাপন পরিষদের নেতৃবৃন্দ উপস্থিত থেকে পূজামণ্ডপে নিরাপত্তা ব্যবস্থা, বিদ্যুৎ ও আলোকসজ্জা, শৃঙ্খলা রক্ষায় করণীয়সহ নানা বিষয়ে মতামত দেন। পুলিশ সুপার বলেন, "পূজা উদযাপন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে জেলা পুলিশের পক্ষ থেকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করা হবে।" মতবিনিময় সভায় জেলা পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তা, পূজা উদযাপন পরিষদের নেতৃবৃন্দসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

## মেহেরপুরে জমি দখলের অভিযোগ

(প্রথম পৃষ্টার পর)

বারবার সীমানা ঠিক রাখতে বললেও তারা তা মানেননি। পৌরসভার সার্ভেয়ারও আমাকে কোনো তথ্য না দিয়ে তাদের বুঝিয়ে দিয়েছেন। আমি ন্যায্য বিচার চাই।" অভিযোগপ্রাপ্ত টুটুল দাবি করেছেন, "আমরা কারো জমি দখল করিনি, বরং নিজেদের জায়গার মধ্যে ভবন নির্মাণ করছি। পৌরসভার লোকজন মাপযোগ করে আমাদের জায়গা দেখিয়েছেন।" মেহেরপুর সদর থানার ওসি শেখ মেজবা উদ্দিন আহমেদ জানান, আদালতে ১৪৫ ধারা জারি করা হয়েছে। মামলার নিষ্পত্তি না হওয়া পর্যন্ত উভয় পক্ষের কেউ ওই জমিতে কোনো স্থাপনা নির্মাণ করতে পারবেন না।

## মেহেরপুরে গণসংযোগ করেছেন তাজ

(প্রথম পৃষ্টার পর)

গণসংযোগকালে তিনি পথচারীদের সঙ্গে কুশল বিনিময় করেন এবং স্থানীয়দের সঙ্গে কথা বলেন। এ সময় তার সঙ্গে ছিলেন মেহেরপুর জেলা জামায়াতের নায়েবে আমির মাওলানা মাহাবুব উল আলম, মেহেরপুর শ্রমিক ফেডারেশনের জেলা সভাপতি আব্দুর রউফ মুকুল, মেহেরপুর সদর উপজেলা জামায়াতের আমির মাওলানা সোহেল রানা, আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রার্থী জাব্বারুল ইসলাম মাস্টার, মেহেরপুর শ্রমিক ফেডারেশনের সদরে সেক্রেটারি আবুল হোসেন, বুড়িপোতা ইউনিয়ন জামায়াতের আমির আবুল জাফর সোহেল, ইউনিয়ন সেক্রেটারি আব্দুস সালাম এবং বুড়িপোতা ওয়ার্ড জামায়াতে ইসলামির সভাপতি রবিউল ইসলাম প্রমুখ।

## মেহেরপুরে হাইড্রোলিক হর্ন ব্যবহারে

(প্রথম পৃষ্টার পর)

প্রশাসনের সহকারি কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট খাদিজা আক্তারের নেতৃত্বে বাস, ট্রাকসহ বিভিন্ন যানবাহনের হর্ন পরীক্ষা করা হয়। এই সময় দুটি বাস ও একটি ট্রাকে হাইড্রোলিক হর্ন ব্যবহারের অভিযোগে শব্দ দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৬-এর ধারা ৮, ১ লঙ্ঘনের জন্য বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫-এর ধারা ১৫/২ মোতাবেক মোট ১২ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। মোবাইল কোর্ট চলাকালে মেহেরপুর জেলা পরিবেশ অধিদপ্তরের পরিদর্শক টিপু সুলতান উপস্থিত ছিলেন।

## গাংনীতে সাব রেজিস্ট্রি অফিসে

(প্রথম পৃষ্টার পর)

অভিযুক্ত। এ সময় কিছু টাকা মাটিতে পড়ে যায়। পাশের একজন নারী ঘটনাটি দেখে খোকনকে জানান। পরে উপস্থিত অন্যান্য লোকজনও অভিযুক্তকে আটক করেন।

স্থানীয়রা আটককৃতকে পুলিশে হস্তান্তর করেন। গাংনী থানার এসআই সানোয়ার হোসেন জানান, আটক ব্যক্তিকে থানায় নিয়ে জিজ্ঞাসাবাদ চলছে এবং পরে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। অভিযুক্ত হারেজ আলী ঝিনাইদহ সদর উপজেলার কালিকাপুর গ্রামের আহাদ আলীর ছেলে।

## মেয়াদোত্তীর্ণ ওষুধ ও রি-এজেন্ট

(প্রথম পৃষ্টার পর)

চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান জানান, সিটি ক্লিনিকের অপারেশন থিয়েটারে মেয়াদোত্তীর্ণ ওষুধ রাখার পাশাপাশি মেয়াদোত্তীর্ণ অগ্নিনির্বাপন যন্ত্রও রাখা হয়েছিল। এজন্য ক্লিনিকটিকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। অন্যদিকে, ডিজিটাল মডার্ণ ডায়াগনস্টিক সেন্টারে মেয়াদোত্তীর্ণ রি-এজেন্ট মজুদ থাকায় ২৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। তিনি আরও বলেন, জনস্বার্থে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

## মহিলা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী

(প্রথম পৃষ্টার পর)

সম্পাদক এডভোকেট কামরুল হাসান, সিনিয়র সদস্য ইলিয়াস হোসেন, সাংগঠনিক সম্পাদক রোমানা আহম্মেদ, জেলা মহিলা দলের সহ-সভাপতি সাবিহা সুলতানা, সাবেক মহিলা বিষয়ক সম্পাদক নাজমুন নাহার রিনা, পৌর ও ইউনিয়ন নেতৃবৃন্দসহ দলের বহু মহিলা নেত্রী ও সদস্য।

বক্তারা বলেন, "১৯৭৮ সালের আজকের দিনে তৎকালীন রাষ্ট্রপতি জিয়াউর রহমান এই মহিলা দলটি প্রতিষ্ঠা করেন। শহীদ প্রেসিডেন্টের স্বপ্ন বাস্তবায়নে নারীর গুরুত্বপূর্ণ ভূমিকার উপর গুরুত্বারোপ করা হয়।"

উম্মে তানিয়া অনুরাগী

# সন্তানের নিরাপত্তায় মায়ের সজাগ দৃষ্টি



মা মানেই সন্তানের আশ্রয়, স্নেহ-ছায়া ও অনন্ত প্রার্থনা। জন্মের পর থেকে সন্তান যত বড়ই হোক না কেন, তার প্রতি মায়ের সজাগ দৃষ্টি কখনো শিথিল হয় না। হাঁটতে শেখা থেকে শুরু করে পড়াশোনা, চাকরি, এমনকি সংসার সবক্ষেত্রেই মা সন্তানের নিরাপত্তা ও স্থিতির জন্য নজর রাখেন। সমাজে একে অনেকে নেতিবাচক অর্থে ওৎপাতা বলেন। প্রশ্ন হলো, বিয়ের পর মা যদি পুত্র ও পুত্রবধূর সংসারে খোঁজখবর নেন, সেটি কি অন্যায়? বাস্তবে দেখা যায়, মা কোনো কৌতূহল বা আনন্দের জন্য এটি করেন না; বরং সন্তানের স্থায়ী সুখ, নিরাপত্তা এবং সঠিক আশ্রয় নিশ্চিত করার দায় থেকেই সজাগ থাকেন। যে মা সারাজীবন সন্তানের জন্য ত্যাগ করেছেন, সেই মা নতুন সংসারে তার সন্তানের নিরাপত্তা নিয়ে সচেতন থাকবেন, এটাই স্বাভাবিক। এখানে শাশুড়ি-স্ত্রীর সম্পর্কের টানাপোড়েনের বিষয়টি অনেকে সামনে আনেন। কিন্তু মনে রাখতে হবে সন্তানের মঙ্গল নিশ্চিত করা মায়ের প্রাকৃতিক দায়িত্ব। যেমন কন্যার মা জামাই সম্পর্কে খোঁজখবর রাখেন, তেমনি পুত্রের মা-ও পুত্রবধূ সম্পর্কে সচেতন হবেন। তবে এই সজাগতা যদি অযথা হস্তক্ষেপে রূপ নেয়, তখনই সম্পর্কের জটিলতা তৈরি হয়।

স্নেহভরা দায়িত্ব থেকে করা খোঁজখবর আসলে অপরাধ নয়, বরং সন্তানের প্রতি মায়ের ভালোবাসারই বহিঃপ্রকাশ। শেষ বয়সেও মা সন্তানের জন্য দোয়া করেনড়"হে আল্লাহ, আমার সন্তানকে জান্নাত দাও।" নিজের জন্য নয়, সন্তানের জন্যই তার শেষ কামনা। তাই মায়ের সজাগ দৃষ্টিকে 'অন্যায় ওৎপাতা' না ভেবে, দায়িত্ব ও মমতার অংশ হিসেবে দেখা উচিত। কারণ সন্তান মায়ের কাছে সবসময়ই অমূল্য সম্পদ, আর অমূল্য সম্পদের পাহারা দেওয়া কোনো অপরাধ হতে পারে না।
(শিক্ষক ও নারী উদ্যোক্তা)

# সত্যের পথে ধৈর্য ও দৃঢ়তা অত্যাবশ্যক

জাহেদুল ইসলাম

মানবজীবনে সত্য ও ন্যায়ের পথে চলা কখনোই সহজ নয়। প্রাচীনকাল থেকে আজ পর্যন্ত যারা সত্যের আহ্বান জানিয়েছে, তারা নানা প্রতিবন্ধকতা, কষ্ট ও বিরোধিতার সম্মুখীন হয়েছে। কিন্তু ইতিহাস সাক্ষ্য দেয়ড়যারা ধৈর্য ও দৃঢ়তার সঙ্গে আল্লাহর নির্দেশিত পথে অবিচল থেকেছে, তারাই শেষ পর্যন্ত সফলতা অর্জন করেছে। পবিত্র কোরআনের সুরা আনআমে আল্লাহ তায়ালা রাসুলুল্লাহ (সা.)-কে সান্ত্বনা দিয়ে বলেন, "আমরা জানি, কাফেরদের কথা আপনাকে কষ্ট দেয়। তারা আসলে আপনাকে নয়, বরং আল্লাহর আয়াতকে অস্বীকার করে। আপনার আগেও অনেক রাসুলকে অস্বীকার করা হয়েছে, কিন্তু তারা ধৈর্য ধারণ করেছেন, যতক্ষণ না আল্লাহর সাহায্য তাদের কাছে এসেছে।" এই গুলো থেকে স্পষ্ট হয়, সত্যের পথে দুঃখ-কষ্ট আসবেই। প্রিয় নবী (সা.)-কেও আমানতদার ও সত্যবাদী হিসেবে সবাই চিনত, কিন্তু তাঁর আনা সত্য বার্তাকে মানতে অনেকেই অস্বীকার করেছে। তিনি কষ্ট পেয়েছেন, নির্যাতনের শিকার হয়েছেন; তবুও ধৈর্য ও দৃঢ়তায় অবিচল থেকেছেন। বর্তমান সমাজেও সত্য ও ন্যায়ের পথে চললে নানা চ্যালেঞ্জ আসে। যারা অন্যায়ের বিরুদ্ধে কথা বলে বা নৈতিকতার শিক্ষা দেয়, তারা প্রায়ই সমালোচনা, উপহাস কিংবা প্রতিরোধের শিকার হয়। কিন্তু সেসব অবস্থায় ধৈর্য ও দৃঢ়তা ধরে রাখা অপরিহার্য। কারণ আল্লাহর প্রতিশ্রুতি কখনো ব্যর্থ হয় না। সত্য ও ন্যায়ের শেষ পরিণতি সর্বদা বিজয়ী হয়। আজ আমাদের প্রত্যেকের জন্য শিক্ষা হলো : বিরোধিতায় ভেঙে না পড়ে ধৈর্যশীল হতে হবে। ব্যক্তিগত স্বার্থের চাইতে আল্লাহর নির্দেশকে অগ্রাধিকার দিতে হবে।অন্যায়ের সামনে সত্য উচ্চারণের সাহস রাখতে হবে। অতএব, সমাজে ন্যায় প্রতিষ্ঠা ও সত্যের পথে অটল থাকতে হলে ধৈর্য, সাহস ও আল্লাহর ওপর পূর্ণ ভরসাই হলো সফলতার মূল চাবিকাঠি।

## মাদার আলী ফুটবল টুর্নামেন্টে

(প্রথম পৃষ্টার পর)

নির্বাচিত হন ম্যান অব দ্যা ম্যাচ, আর রাসেল হয়েছেন সেরা খেলোয়াড়। খেলা শেষে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মহাজনপুর ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মইনুদ্দিন ময়না, ২ নং ইউপি সদস্য সেলিম রেজা, কোমরপুর মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক শহিদুল ইসলাম এবং বিএনপি নেতা আশরাফুল আলম, যারা ম্যান অব দ্যা ম্যাচ ও সেরা খেলোয়াড়ের হাতে পুরস্কার তুলে দেন।

## পিরোজপুর ওয়ার্ড গোল্ড কাপে ২নং

(প্রথম পৃষ্টার পর)

খেলায় ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত হন। খেলা শেষে ম্যান অব দ্যা ম্যাচের পুরস্কার প্রদান করেন পিরোজপুর ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ইকবাল এনামুল কবীর। এ সময় উপস্থিত ছিলেন পিরোজপুর ইউনিয়নের প্রশাসনিক কর্মকর্তা এরশাদ আলী, ইউপি সদস্য আমিরুল ইসলাম, ইস্কান্দার মাহমুদ বিপ্লব, কালু, আমেনা খাতুন প্রমুখ।

## চুয়াডাঙ্গা সীমান্তে ১২ বাংলাদেশিকে

(প্রথম পৃষ্টার পর)

অনুষ্ঠিত সৌহার্দ্যপূর্ণ পতাকা বৈঠকের মাধ্যমে এই হস্তান্তর প্রক্রিয়া সম্পন্ন হয়। হস্তান্তরকৃতদের মধ্যে ৯ জন পুরুষ, দুজন নারী এবং একজন শিশু রয়েছেন। বিজিবি সূত্রে জানা গেছে, ভারতের ৩২ বিএসএফ ব্যাটালিয়নের সঙ্গে চুয়াডাঙ্গা ব্যাটালিয়নের দর্শনা কোম্পানি কমান্ডারের নেতৃত্বে কমান্ডার পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়। এসময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন ৬ বিজিবির কমান্ডার লেফটেন্যান্ট কর্নেল নাজমুল হাসান এবং ৩২ বিএসএফ ব্যাটালিয়নের গেদে কোম্পানি কমান্ডার এ সি সুরেন্দর সিং। লেফটেন্যান্ট কর্নেল নাজমুল হাসান জানান, হস্তান্তরকৃত বাংলাদেশিরা বিভিন্ন সময়ে সীমান্তের নানা পয়েন্ট দিয়ে অবৈধভাবে ভারতে প্রবেশ করে বিভিন্ন রাজ্যে বসবাস করছিল। দুই দেশের সীমান্তরক্ষী বাহিনীর পারস্পরিক সহযোগিতার মাধ্যমে তাদের হস্তান্তর কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।

## জামায়াতের প্রতারণা থেকে সাবধান

(প্রথম পৃষ্টার পর)

প্রতারণা করছে। দাড়ি পাল্লায় ভোট দিলে আপনারা বিপদে পড়তে পারেন। মহিলাদেরকে খাম উপহার দেওয়ার সময়ও সতর্ক থাকতে হবে এবং প্রতিবাদ জানাতে হবে।" তিনি মেহেরপুর জেলা মহিলা বিএনপির নেতৃবৃন্দকে সচেতন থাকার এবং প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানান। সমাবেশে মেহেরপুর জাতীয়তাবাদী মহিলা দলের সাধারণ সম্পাদক লায়লা আরজুমান বানুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সভাপতি আলহাজ্ব জাভেদ মাসুদ মিল্টন। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান, সাংগঠনিক সম্পাদক রোমানা আহমেদ। সমাবেশে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আখেরুজ্জামান, ওমর ফারুক লিটন, বিএনপি'র নেতা ইলিয়াস হোসেন, আলমগীর খান ছাতু, আনসারুল উল হক, হাফিজুর রহমান হাফি, আবু সালেহ নাসিম, এম এ কে খাইরুল বাশার, সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ,সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, সাধারণ সম্পাদক হাজী মশিউর রহমান, গাংনী উপজেলা বিএনপির সভাপতি আলফাজ উদ্দিন কালু, সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল বিশ্বাস, পৌর বিএনপির সভাপতি আব্দুল লতিফ বিশ্বাস, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, গাংনী পৌর বিএনপির সভাপতি মকবুল হোসেন মেঘলা, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, সদস্য সচিব শহিদুল ইসলাম, জেলা জাসাসের সদস্য সচিব এ. বাকাবিল্লাহ, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওসার আলি, জেলা মহিলা দলের সহ-সভাপতি নাজমা খন্দকার, মহিলা বিষয়ক সম্পাদক নাজমুন নাহার রিনাসহ মহিলাদল ও সহযোগী অঙ্গসংগঠনের নেতাকর্মীরা। সমাবেশটি সঞ্চালনা করেন জেলা মহিলা দলের সহ-সভাপতি সাবিহা সুলতানা।

## সিঙ্গাপুরকে উড়িয়ে সান্ত্বনার জয় পেল

(শেষ পৃষ্টার পর)

বাংলাদেশ। 'সি' গ্রুপে বাংলাদেশের আগের দুটি ম্যাচে হেরেছে ইয়েমেন ও স্বাগতিক ভিয়েতনামের কাছে। ভিয়েতনামের ভিয়েত ত্রি স্টেডিয়ামে প্রথমার্ধে কোনো দলই গোল করতে না পারলেও, বিরতি শেষে বাংলাদেশ ও প্রতিপক্ষের আক্রমণ তৎপরতা অব্যাহত ছিল। শেষ পর্যন্ত গোলের দেখা আসে ৭০ মিনিটে। ফাহমিদুল ২৫ গজ দূরপাল্লার শক্তিশালী শট নিয়ে সিঙ্গাপুরের জালে প্রথম গোল করেন। তাঁর এই দুর্দান্ত শট ঠেকাতে বাঁ দিকে ঝাঁপ দিলেও গোলরক্ষক বলের নাগাল পাননি। প্রথম গোলের উদযাপন শেষ হতে না হতেই দ্বিতীয় গোল করে দেন আল আমিন। ডান প্রান্তের বক্স থেকে দূরের পোস্টে বল জালে জড়িয়ে বাংলাদেশকে এগিয়ে দেন তিনি। এরপর ৮ মিনিট পর মহসিন আহমেদ তৃতীয় গোল করেন এবং ম্যাচের শেষ গোলটি মোরসালিনের জালে আসে। সিঙ্গাপুরের হয়ে যোগ করা সময়ের প্রথম মিনিটে নাদিম রাহিম ব্যবধান কমালেও বাংলাদেশ ইতিমধ্যেই জয় নিশ্চিত করেছে। ম্যাচ জুড়ে বাংলাদেশের গোলরক্ষক মেহেদী হাসান শ্রাবণ কয়েকটি নিশ্চিত গোল রক্ষা করে দলের জয় নিশ্চিত করেন। এই জয়ে বাংলাদেশ মাঠ ছাড়ছে সান্ত্বনার হাসি নিয়ে, যা ভবিষ্যতে আরও দৃঢ় প্রতিদ্বন্দ্বিতার প্রেরণা হিসেবে কাজ করবে।

## কয়লা দূষণ থেকে সুন্দরবন, ইলিশ ও

(শেষ পৃষ্টার পর)

বক্তা ছিলেন ধরা'র সদস্যসচিব শরীফ জামিল। সমাবেশে সংহতি জানিয়ে বক্তব্য রাখেন কৃষক ফেডারেশনের সভাপতি এসএম বদরুল আলম, রিভারাইন পিপল এর ট্রাস্টি এফ এম আনোয়ার হোসেন, ইআরডিএর নির্বাহী পরিচালক মনির হোসেন চৌধুরী, সুন্দরবন ও উপকূল সুরক্ষা আন্দোলনের সমন্বয়ক নিখিল চন্দ্র ভদ্র, ইকুইটি বিডি'র পরিচালক মোস্তফা কামাল আকন্দ, সচেতন ফাউন্ডেশনের চেয়ারম্যান হাবিবুর রহমান, মিশন গ্রিন বাংলাদেশের নির্বাহী পরিচালক আহসান রনি, এবং ৩৫০.ড়ৎম এর দক্ষিণ এশিয়া কো-অর্ডিনেটর আমানুল্লাহ পরাগ প্রমুখ। বক্তারা বলেন, সাম্প্রতিক সময়ে বিশ্বব্যাপী কয়লার ব্যবহার কমলেও এর ভয়াবহ প্রভাব থেকে পুরোপুরি মুক্তি মেলেনি। ধ্বংসের অনুঘটক এ কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্র বন্ধ করে নবায়নযোগ্য জ্বালানিকে প্রাধান্য দিতে হবে। তারা জোর দিয়ে বলেন, কয়লা বা গ্যাসকে কখনই 'রূপান্তরিত জ্বালানি' হিসেবে গণ্য করা যাবে না। এ জন্য আন্তর্জাতিক জলবায়ু অর্থায়ন তহবিল থেকে অর্থের যোগান নিশ্চিত করে নবায়নযোগ্য শক্তি উৎপাদন ও অর্থনৈতিক কর্মসূচি বাস্তবায়ন করতে হবে। জাতিসংঘের আসন্ন সাধারণ পরিষদ সম্মেলনকে সামনে রেখে এশিয়া এনার্জি নেটওয়ার্ক ও এশিয়ান পিপলস মুভমেন্ট অন ডেট অ্যান্ড ডেভেলপমেন্টের ডাকে এশিয়ার ৯টি দেশের ৭০টি প্রদেশ ও নগরীতে একই দাবিতে কর্মসূচি চলছে। তারই অংশ হিসেবে ঢাকায় আয়োজিত হয় এ দৃশ্যমান প্রতিবাদ সমাবেশ।

## ডাকসু নির্বাচন জাতীয় নির্বাচনের মডেল হতে পারে: স্বরাষ্ট্র উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

দীর্ঘদিনের পর দেশের রাজনৈতিক অঙ্গনে নির্বাচনের আমেজ সৃষ্টি হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রিক ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনের উৎসবমুখর ও সুষ্ঠু পরিবেশে সম্পন্ন হওয়া এই নির্বাচন ভবিষ্যতের জাতীয় নির্বাচনের জন্য ইতিবাচক প্রভাব ফেলতে পারে। এ কথা বলেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আইনশৃঙ্খলা সংক্রান্ত উপদেষ্টা। তিনি আজ সচিবালয়ে আয়োজিত উপদেষ্টা কমিটির ১৩তম সভা শেষে এক সংবাদ সম্মেলনে এসব মন্তব্য করেন।

স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, "দেশে সুষ্ঠু নির্বাচন আয়োজনের জন্য প্রয়োজনীয় পরিবেশ বিরাজ করছে। ডাকসু নির্বাচন যে উৎসবমুখর ও সুষ্ঠুভাবে সম্পন্ন হলো, তা জাতীয় নির্বাচনের জন্যও অনুপ্রেরণা হতে পারে।" তিনি আরও বলেন, "আইনশৃঙ্খলা বাহিনী নির্বাচনের নিরাপত্তা নিশ্চিত করতে যে প্রস্তুতি নিয়েছে, তা ডাকসু নির্বাচন সুন্দরভাবে সম্পন্ন করতে সাহায্য করেছে। একইভাবে জাতীয় নির্বাচনের জন্যও তাদের প্রস্তুতি ও ট্রেনিং কার্যক্রম চলছে।" উপদেষ্টা মাদক প্রসঙ্গেও সতর্ক করেন। তিনি বলেন, "সম্প্রতি দেশে মাদক ধরপাকড় বেড়েছে। এটি আমাদের সমাজের অন্যতম বড় শত্রু। যুব সমাজকে সুরক্ষিত রাখতে এবং মাদক নির্মূল করতে আইনশৃঙ্খলা বাহিনীকে আরও সজাগ থাকার নির্দেশনা দেওয়া হয়েছে। এ বিষয়ে সমাজের সব স্তরের মানুষকে সচেতন হতে হবে।" এছাড়া তিনি ইলিশ সংরক্ষণ সংক্রান্ত বিষয়েও বক্তব্য দেন। উপদেষ্টা জানান, "এবার ইলিশের প্রজনন কিছুটা কমেছে। ভবিষ্যতে প্রজনন বৃদ্ধির লক্ষ্যে মা ইলিশ ও জাটকা নিধন কার্যক্রম বন্ধে আইনশৃঙ্খলা বাহিনীকে বিশেষ নির্দেশনা দেওয়া হয়েছে।" উপদেষ্টা বলেন, দেশের আইনশৃঙ্খলা বাহিনী আগামী নির্বাচনের প্রস্তুতিতে সবরকম ব্যবস্থা নিয়েছে এবং জনগণের নিরাপত্তা নিশ্চিত করতে সবসময় তৎপর থাকবে।

## বিসিবি ভাবছে ওয়ানডে ফরম্যাটে এনসিএল চালু করার

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) জাতীয় ক্রিকেট লিগ (এনসিএল)-এর ওয়ানডে সংস্করণ চালু করার পরিকল্পনা করছে। বিসিবি সভাপতি আমিনুল ইসলাম বুলবুল বলেন, টি-টোয়েন্টি ফরম্যাটে জাতীয় ক্রিকেট লিগে সাফল্যের পর এবার ওয়ানডে লিস্ট 'এ' টুর্নামেন্ট হিসেবে এনসিএল আয়োজনের কথাই ভাবা হচ্ছে। রাজধানীর একটি হোটেলে এনসিএল টি-টোয়েন্টি ২০২৫-২০২৬-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, "ওয়ানডে ফরম্যাটে এ টুর্নামেন্ট আয়োজনের পরিকল্পনা আমাদের আছে। এনসিএল টি-টোয়েন্টিতে বড় সাফল্য ছিল। ওয়ানডে ফরম্যাটকে লিস্ট 'এ' টুর্নামেন্ট হিসেবে বিবেচনা করা হবে।" এটি দেশের প্রথম শ্রেণীর ক্রিকেট টুর্নামেন্ট হিসেবে পরিচিত এনসিএল। গত বছর প্রথমবারের মতো এই লিগে টি-টোয়েন্টি ফরম্যাট চালু করা হয়, যা শুধুমাত্র সিলেটের ভেন্যুতে আয়োজন করা হলেও দর্শক ও ক্রিকেট মহলে ইতিবাচক সাড়া ফেলে। গত আসরের সাফল্যের পর এবার দ্বিতীয়বারের মতো এনসিএল টি-টোয়েন্টি আয়োজন করতে যাচ্ছে বিসিবি। আগামী ১৪ সেপ্টেম্বর থেকে শুরু হবে টুর্নামেন্ট। এবারের প্রতিযোগিতায় কেবল স্থানীয় খেলোয়াড়রা অংশ নিচ্ছেন। নতুন করে রাজশাহী ও বগুড়া ভেন্যু হিসেবে যুক্ত হয়েছে। অংশগ্রহণকারী দলগুলো ফিটনেস পরীক্ষা শেষ করে আজ থেকে অনুশীলন শুরু করেছে। উদ্বোধনী অনুষ্ঠানে বিসিবি কর্মকর্তা, জাতীয় দলের সাবেক অধিনায়কসহ এনসিএল দলের খেলোয়াড়রা উপস্থিত ছিলেন। টুর্নামেন্ট কমিটির চেয়ারম্যান আকরাম খান জানিয়েছেন, তরুণ ক্রিকেটপ্রেমীরা বিনামূল্যে এনসিএল টি-টোয়েন্টি খেলা উপভোগ করতে পারবেন। বিসিবি প্রতিটি ম্যাচের জন্য ২০০ থেকে ৩০০টি টিকিট বিনামূল্যে বিতরণ করবে।

## যতদিন আমরা টিকে আছি, ততদিন বিজয় আমাদের: জেলেনস্কি

সূর্যোদয় প্রতিবেদন

রাশিয়ার সঙ্গে দীর্ঘস্থায়ী যুদ্ধে ইউক্রেনের টিকে থাকাই এখন তাদের জন্য প্রকৃত বিজয় বলে মন্তব্য করেছেন দেশটির প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি। এবিসি নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি বলেন, 'পুতিনের লক্ষ্য ইউক্রেনকে দখল ও ধ্বংস করা। যতদিন আমরা টিকে আছি, ততদিন বিজয় আমাদের।' রাশিয়া অবশ্য দাবি করছে, তারা পুরো ইউক্রেন দখল করতে চায় না। তবে শান্তিচুক্তির শর্ত হিসেবে কিয়েভের নিরপেক্ষতা, সেনাশক্তি হ্রাস এবং ক্রিমিয়া, দোনেৎস্ক, লুহানস্ক, খেরসন ও জাপোরিঝিয়া অঞ্চলের দখল স্বীকৃতি দাবি করে আসছে মস্কো। এদিকে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন, চলতি সপ্তাহে ইউরোপীয় কয়েকজন নেতা ওয়াশিংটনে সফরে আসবেন। এ সময় তিনি শিগগিরই রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গেও আলোচনা করবেন বলে জানান। তবে কিয়েভে সরকারি দপ্তরে ভয়াবহ রুশ বিমান হামলার পর রাশিয়ার ওপর নতুন নিষেধাজ্ঞার হুমকিও দিয়েছেন ট্রাম্প। ওই হামলায় চারজন নিহত ও অনেকে আহত হন। অন্যদিকে ইউক্রেনীয় সেনাপ্রধান ওলেক্সান্দর সিরস্কি জানিয়েছেন, পূর্বাঞ্চলের যুদ্ধক্ষেত্রে জনবল ও অস্ত্রে অন্তত তিন গুণ এগিয়ে রয়েছে রাশিয়া। কিছু গুরুত্বপূর্ণ স্থানে এ ব্যবধান ছয় গুণ পর্যন্ত হতে পারে। যদিও সাম্প্রতিক সময়ে ইউক্রেন কয়েকটি এলাকায় ভূখণ্ড পুনর্দখল করেছে, তবুও রাশিয়া এখনো দেশটির প্রায় ২০ শতাংশ এলাকা নিয়ন্ত্রণ করছে। সাম্প্রতিক হামলার নিন্দা জানিয়ে ইউক্রেনের প্রতি সমর্থন অব্যাহত রাখার প্রতিশ্রুতি দিয়েছেন ইউরোপীয় নেতারা। ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল মাখোঁ জানিয়েছেন, কিয়েভের প্রতিরক্ষা সক্ষমতা আরও জোরদার করা হবে। ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার এ হামলাকে 'কাপুরুষোচিত' আখ্যা দেন। আর ইউরোপীয় কমিশনের প্রধান উরসুলা ফন ডার লিয়েন অভিযোগ করেন, এ ধরনের হামলা রাশিয়ার বিরুদ্ধে চলমান 'কূটনৈতিক প্রচেষ্টা'কে উপহাস করছে। খবর: সিএনএন ও এএফপি।

## মেক্সিকোয় ডাবল ডেকার বাসে ট্রেনের ধাক্কা, নিহত ১০

সূর্যোদয় প্রতিবেদন

মেক্সিকোর মধ্যাঞ্চলে ভয়াবহ সড়ক দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন অন্তত ১০ জন। স্থানীয় সময় সোমবার একটি মালবাহী ট্রেন সরাসরি ধাক্কা মারে একটি ডাবল ডেকার যাত্রীবাহী বাসে। এতে আহত হয়েছেন আরও অন্তত ৬১ জন। রাষ্ট্রীয় প্রসিকিউটরের কার্যালয় জানিয়েছে, নিহতদের মধ্যে সাতজন নারী ও তিনজন পুরুষ। দুর্ঘটনার পর ঘটনাস্থল থেকে উদ্ধারকাজ চালিয়ে আহতদের হাসপাতালে ভর্তি করা হয়েছে। রয়টার্স জানায়, ট্রেন পরিচালনাকারী প্রতিষ্ঠান কানাডিয়ান প্যাসিফিক কানসাস সিটি দে মেক্সিকো নিহতদের পরিবারের প্রতি গভীর শোক প্রকাশ করেছে। পাশাপাশি চালকদের উদ্দেশে সতর্কবার্তা দিয়ে সংস্থাটি বলেছে, রেলক্রসিংয়ে থামার নির্দেশ অবশ্যই মেনে চলতে হবে। বাসটির মালিক প্রতিষ্ঠান হেরাদুরা দে প্লাতা এ বিষয়ে এখনো কোনো মন্তব্য করেনি। তবে দুর্ঘটনাস্থল থেকে পাওয়া ছবিতে দেখা গেছে, বাসটির সামনের অংশ এবং উপরের তলা একেবারে ধ্বংস হয়ে গেছে। লোহার কাঠামো মারাত্মকভাবে বেঁকে গেছে। স্থানীয় কর্তৃপক্ষ জানিয়েছে, ঘটনাটি ঘটেছে একটি শিল্পাঞ্চলে, মেক্সিকো সিটি থেকে প্রায় ১১৫ কিলোমিটার উত্তর-পশ্চিমে অবস্থিত আৎলাকোমুলকো শহর এবং পাশের মিচোয়াকান অঙ্গরাজ্যের মারাভাতিও শহরের মাঝের মহাসড়কে। মেক্সিকোয় এ ধরনের সড়ক দুর্ঘটনা নতুন নয়। সরকারি হিসাব অনুযায়ী, শুধু ২০২৩ সালেই ফেডারেল মহাসড়কে প্রায় ১২ হাজার দুর্ঘটনায় ১ হাজার ৮০০ জনের বেশি নিহত এবং ৬ হাজার ৪০০ জন আহত হন। এ বছরের ফেব্রুয়ারিতেই দেশটিতে একটি বাসুট্রাক সংঘর্ষে ৪০ জনেরও বেশি প্রাণ হারান।

## পাকিস্তানে মার্কিন সামরিক বিমানের অবতরণে সতর্ক ভারত

সূর্যোদয় প্রতিবেদন

ইসলামাবাদের নুর খান বিমানঘাঁটিতে মার্কিন সামরিক মালবাহী বিমানের অবতরণকে কেন্দ্র করে ভারতের মধ্যে আতঙ্ক ছড়িয়েছে। সন্দেহের সূচনা হয়েছে 'অপারেশন সিঁদুর'-এর ক্ষেপণাস্ত্র হামলার পর ক্ষতিগ্রস্ত নুর খান ঘাঁটিতে সামরিক বিমান চলাচলের খবর প্রকাশিত হওয়ার পর। ৬ সেপ্টেম্বর নুর খান ঘাঁটিতে যুক্তরাষ্ট্রের বিমান প্রস্তুতকারী সংস্থা বোয়িং-এর 'সি-১৭ গ্লোবমাস্টার' মালবাহী বিমানগুলো অবতরণ করে। পাকিস্তানি কর্তৃপক্ষ জানায়, এসব বিমান বন্যাকবলিত এলাকার জন্য ত্রাণসামগ্রী নিয়ে এসেছিল। স্থানীয় গণমাধ্যমে প্রকাশিত ছবিতে দেখা গেছে, পাকিস্তানি তিন তারকা সেনা কর্মকর্তাদের হাতে মার্কিন জেনারেলরা ত্রাণসামগ্রী তুলে দিচ্ছেন। আইএসপিআর জানিয়েছে, প্রধানত তাঁবু, পানি নিষ্কাশনের পাম্প এবং জেনারেটরের মতো সরঞ্জাম পাঠানো হয়েছে। পাকিস্তান সেনাবাহিনী বন্যাদুর্গত এলাকায় বিভিন্ন ত্রাণশিবির খুলে সরঞ্জাম বিতরণ করছে। তবে ভারতের সাবেক সেনা কর্মকর্তারা ত্রাণের আড়ালে 'অত্যাধুনিক সমরাস্ত্র' পৌঁছে দেওয়ার আশঙ্কা প্রকাশ করেছেন। তাদের প্রশ্ন, কেন পাকিস্তান সেনাবাহিনী সরাসরি আমেরিকার কাছে সাহায্য চাইল, অথচ সরকার বা প্রধানমন্ত্রী নিজে আবেদন করেননি। ত্রাণ গ্রহণের সময় বেসামরিক কোনো কর্মকর্তাকেও নুর খানে দেখা যায়নি। এ কারণেই নয়াদিল্লি পাকিস্তানের ওপর কড়া নজর রাখছে। ভারতের প্রতিরক্ষা বিশ্লেষকদের মতে, সামরিক ঘাঁটিতে মার্কিন বিমানের অবতরণ এবং সরবরাহ প্রক্রিয়াকে শুধু ত্রাণ হিসেবে দেখা উচিত নয়, বরং সম্ভাব্য সামরিক উদ্দেশ্যকেও খেয়াল রাখা জরুরি।

## নেপালের সাবেক প্রধানমন্ত্রীর বাড়িতে অগ্নিসংযোগ, স্ত্রী নিহত

সূর্যোদয় প্রতিবেদন

নেপালের রাজধানী কাঠমাণ্ডুর দাল্লু এলাকায় মঙ্গলবার এক মর্মান্তিক ঘটনার সৃষ্টি হয়েছে। দেশটির সাবেক প্রধানমন্ত্রী ঝলানাথ খনালের স্ত্রী রাজ্যলক্ষ্মী খনাল অগ্নিকাণ্ডে নিহত হয়েছেন। স্থানীয় সূত্রে জানা যায়, 'জেন জি আন্দোলন' নামে পরিচিত বিক্ষোভকারীরা তাঁর বাড়ি ঘেরাও করে আগুন ধরিয়ে দিলে এ দুর্ঘটনা ঘটে। পরিবারের সদস্যদের বরাতে জানানো হয়েছে, দগ্ধ অবস্থায় তাঁকে দ্রুত কির্তিপুর বার্ন হাসপাতালে ভর্তি করা হয়। চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। একই দিনে নেপালের প্রধানমন্ত্রী কে পি শর্মা অলিও পদত্যাগের ঘোষণা দেন। বিক্ষোভকারীরা অলির নিজস্ব বাসভবনেও আগুন ধরিয়ে পরিস্থিতিকে আরও তীব্র করে তোলে। আন্দোলনটি মূলত সরকারের সামাজিক মাধ্যম যেমন ফেসবুক, এক্স (টুইটার), ইউটিউবসহ একাধিক প্ল্যাটফর্ম বন্ধ করার সিদ্ধান্তের প্রতিবাদে শুরু হলেও দ্রুত দুর্নীতি ও সরকারের বিরুদ্ধে বৃহত্তর আন্দোলনে রূপ নেয়।